শ্রীশ্রীহকনাম

এই কেতাব

ছহি ছায়েতনামা

ও নক্স ছোলেমানি তাবেনামা

প্রকাশিত

শ্রীমহাম্মদ আপ্তাবদ্দিন

সহর কলিকাত্তা মুনসি বাজার শ্রী মুনসি
আমির হোছেন ছাহেবের আমির কোম্পানি
প্রেসে ছাপাইলাম।

জাহার কেতাবের খাহেস হইবে তিনি এই
মোকামে মুনসি বোওয়ালি মরহুমের মছ
জেদের দক্ষিন দিগে কেতাবের দোকানে
এই কেতাব আর অন্য২ রকম কেতাব
সুলভ্য দরে আমার নিকট পাইবেন।
অধিনের নিবাস মহকুমা কুষ্টিয়া ইষ্টিসন
দামকদিয়া গ্রাম জোনিয়াদা
সন ১২৯৩ সাল তারিখ ২৯ চৈত্র

ছহী ছাএতনামা

* জকিনামা তালেনামা ফালনামা চাঁদরাসি ছাএত নামা *

* হামদো ও নাত *

কোদরত কামাল আল্লা জলিল জাব্বার। আপনা সাহির পরে আপনি মোক্তার * উজির নাজের নাহি নারাখে দেওান। আপনার কাম আপে চালায় ছোবহান * আব আতস খাক বাদ চার চিজ হৈতে। এনছানে করিল পয়দা এই জাহানেতে * জমিন পানির পরে করিল কায়েম। নাহি হেলে নাহি ডোলে আছেত দায়েম * বেগর ছতুনে খাড়া আছে আছমান। আপ্তাব মাহতাবে রাখে তার দরমিয়ান * আল্লাতালা পাক সাঁই আপনার নুরে পয়েদা করিয়া মহাম্মদ নবিজিরে * আরস কোরস আর লওহো কলম। হুর পরি গেলেমান এসব আলম * চান্দ ও শুরুজ আর ছেতারা আছমান। বেহেস্ত দোজখ আর ফেরেস্তা এনছান * সবার আগেতে নুর পয়দা কিয়া তাঁর। সত্তুর হাজার সাল আগে সবাকার * মউরের সকলেতে রুহ নবিজির। রেখে ছিল পোসিদায় আপনি কাদির * আউওল হইল দরজা এই খাতেরেতে। নাহবে তাহার মত দোন জাহানেতে * আল্লার ফেরেস্তা আর পয়গাম্বর ছারে। ছাহেব হুরদায় কৈল সবার উপরে * সকল নবির পিছে তাহার কারনে। রছুল করিয়া ভেজে আরব্ব জমিনে পয়গাম্বরি সেশ কৈল নবিজি হইতে। তার বাদে নবি নাহি হৈল দুনিয়াতে * এয়ছাই পেয়ারা নবি হবিব আল্লার। বাতালেন দিনদুনিয়ার জত কারবার * তেনার খাতেরে হয় সবে মেয়্যারাজ

সরা হদিছ কোরান। বাতেনির ভেদ জেই ফকিরি সন্ধান* বাতা ইয়া দিল আল্লা নবিজির তরে। নাহি মেলে এছা দর্জ্জা কোন পয় গম্বরে * কতো ২ কাফেরেতে আসিয়া হুজুরে। কতো রকমের তারা ছাওালাত করে * ছওয়ালের জওাব পেয়ে কাফেরের জাত নবি নাহি জানে তবু এছাই বজ্জাত * মেরাজের হাল সুনে নাকরে একিন। জাদুগির কহে গিধি কাফের কমিন * কতেক কাফের সবে করিল লড়াই। ফতে দিল নবিজিকে আপে পাক শাঁই * হারিয়া পালায় কতো কাফের সয়তানে। কতেক কাফের মারা পড়িল জে জানে * আখেরেতে কতো আইসে মছলমান হৈল। কতো কাফেরেতে আইসে মাজেজা চাহিল * মাজেজা দেখিয়া কত আনিল ইমান। আল্লার হুজুরে হৈল পাক্কা মছলমান*কতেক সয়তান গিধি নাহিক মানিয়া। দোজখ বিচেতে গেলো গজবে পড়িয়া * তেনার আছহাব চার খোদার মকবুল। দিনের মসাল ছিল পেয়ারা রছুল * জান মাল ফেদা কিয়া খোদার রাহেতে হামেসা ছিলেন তারা নবিজির সাতে * ফাতেমা জোহরা বিবি বেটি নবিজির। সাফাত করাবে তিনি উম্মতে নবির * এমাম হাছেন আর এমাম হোছেন। দিনের লাগিয়া জান আপনা দিলেন সহিদের সাহা দোনো দিনের দিওান। তাহাদের জনাবে এই কমিনা নাদান* দরুদ ছালাম ভেজে হাজারে হাজার। আওলিয়া বোজর্গ জতো হুজুরে সবার * মা বাপ ওস্তাদ পির সবাকে ছালাম। ছালাম লিবেন মেরা জতেক এছলাম *

* সুরু কেতাব * রওায়েত আছে এয়ছা আলি সাহা হৈতে। বসিয়া ছিলেন নবি মজলেছ বিচেতে * হজরত জিবরিল সেথা পৌছেন আসিয়া। কহিতে লাগিল এয়ছা ছালাম করিয়া * আল্লা তালা পাঠাইল তোমার খাতেরে। ফায়েদা পাইতে জে তোমার উম্মতেরে * এই জে তোহফা লেহ ওয়ামছ ছুরা। আর জেই ওল কমর ছুরা দোছরা * এই দুই ছুরা বিচে এয় ছাই ফরমান। ছেতারার হাল আর গরদেস আছমান * সাত দিন পয়দা করে আল্লা পাক জাত। সাত তারা পয়দা করিল

[illegible]

ফের তার তাবেদার * জেই রাতে জেই তারা পাইবে বাদসাই
ভাবে রবে ছয়তারা তাহার তেয়ছাই * সাত আকাসেতে আছে
জানো তারা সাত। খোলাছা করিয়া কহি খবর নেহাত * জাল্লাদ
ফলক কেহু কেহু নেগাবান। কেহু মুনশি কেহু মুপ্তি কেহুতো
হোজতান * কেহুবা উজির আছে তাহার বিচেতে। সাত তারা
এই মতে আছে ভাঁতে ২ * বারো মাসে এক সাল সুন নামদার
বারটা বুরুজ আছে কহি হালতার * মানুসের জন্ম হয় জেই মাহা
বিচে। জুদা২ নামতার বোরজের আছে * ভাঁতে ২ নকসা আছে
ঐ বোরজের। বাঘের ছুরত আর ছুরত সাঁপের * মানুসের
নকসা আর নকসা গোরুর। কামানের নকসা আর নকসা বিচ্ছুর
এইমত আছে জত তামাম বোরজ। হুজুরেতে জানাইনু করিয়া
আরজ * আর সুন নুর নবি হাল মাহিনার। ত্রিস দিনেতে মাস
জানহ আজকার * দিন রাতে আট পহোর মালুম করিবে। কেহু
ভাল কেহু মন্দ জানিয়া লইবে * আল্লাতালা ফরমাইল আপ
নার তরে। একে২ সুনাইবে উম্মত সবারে * বুজে সুজে কারবার
করিবে সকলে। তকলিফ নোকছানি জাতে কারে নাহি মেলে *
দিন দুনিয়ার এতে হইবেক কাম। ভালাই খুবির সাতে পাইবে
আঞ্জাম * কহে হিন আবদুল করিম ভাবিয়া গার্কার। সুন ভাই
মছলমান জত দিনদার * ছেতারার হাল আগে হইল লিখিতে
জাহাতে তামাম লোক পারিবে বুঝিতে * বহুত খুবির সাতে
ছলিছ করিয়া। লিখিতে করিনু সুরু এলাহি ভাবিয়া * পড়িয়া
এহার তরে গওর করিবে। তখন এহাতে খুব মজা জে পাইবে *
জখন জে কাম ভাই করিবে মনেতে। করিলে বহুত নাফা দিবে
পাকজাতে * দিন দুনিয়ার এতে ফায়েদা পাইবে। দেলের মক
ছেদ সব হাছেল হইবে * তার পরে অধিনেরে দোওাজে করিবে
দোজাহানে ভাল হয় এয়ছাই চাহিবে *

* পহেলা বার সাত ছেতারা সাত আছমানে দিনে থাকে *

সাত আছমানেতে আছে ছেতারা জে সাত। তাহার আহওাল
লিখি বুঝিতে নেহাত * পহেলা আকাসে থাকে জোহল ছেতারা

তেছরা তবকে। চৌথা আকাসে সমছ ছেতারা জেথাকে * জোহরা ছেতারা থাকে পাঁচঙা আছমানে। আতারদ তারা থাকে ছটঙা আছমানে * কমর ছেতারা নাম চান্দকে যে কহে। সাতঙা আকাস বিচে জান সেই রহে * এই সাত তারা রহে দিনের মাঝার। সাত আকাসের বিচে কেতাবে আজকার *

* সাত তারা সাত আছমানে রাত্তে থাকে *

পহেলা আকাসে আছে মিররিখ ছেতারা। দোছরা তবকে থাকে আতারদ তারা * তেছরা তবকে থাকে মস্তরি জে নাম। চৌথা আছমানে জোহরা জানহ্ এছলাম * পাচঙা তবকে থাকে জোহল ছেতারা। ছটঙা আকাসে থাকে আফতাব তারা * কমর ছেতারা থাকে সাতঙা আছমানে। চান্দ নাম জারে বলে উরদু জোবানে * আকাসের হিসাব এবে হইল তামাম। মাসের হিসাব থোড়া সুনো খাছ আম *

* পহেলা বার মাসের নাম আরবি জোবানে *

মোহরম, ছফর; রবিউল আউওল, রবিউল আখের, জমাদি আউওল; জামাদি আখের; রজব, সাবান, রমজান সওাল, জিলকাদ জেলহজ্জ,

* বাঙ্গালা মাসের নাম *

বৈসাখ, জৈষ্ঠ; আসাড়, শ্রাবন, ভাদ্র; আশ্বিন কাত্তিক, অগ্রান; পোস; মাঘ, ফালগুন চৈত্র;

* সাত তারার গরদেসের বয়ান *

সোনভাই দিনদার জত্তো মছলমান। খেয়াল করিয়া সবে সুনহ্ বয়ান * দিনেত্তে ছেত্তারা সাত করেত আমল। ঐমত্তে রাতেহয় তাদের দখল * বারো ঘণ্টা দিন হয় বারো ঘণ্টা রাত। ফিঘণ্টায় এক তারার আমল নেহাত * দিনের বেলাতে জেই বাদসা হইবে সেইতারা দিনভর সাহিজে করিবে * আর তারা সবে মিলে হবে চৌকি দার। এক২ ঘণ্টা চৌকি হবে সবাকার * বাদসাই হৈসো তার ঐত্তো রোজেতে। দুই ঘণ্টা চৌকি তার লেখে কেতাবেত্তে সবাকার আগে জার আমল হইবে। বাদসাহি কাম করে আর

করিয়া পহরা হবে সবাকার * সেইত ছেতারা বিচে আছে এ
প্রকার। তাহার খোলাছা লিখি বাঙ্গালা মাঝার * মোস্তরি
ছেতারা আর জোহরা ছেতারা। কমর ছেতারা লিয়া জান তিন
তারা * বড়া নেক আছে এরা কেতাবেতে লেখে। নেক আমল
এরাসবে রাখে আপনাকে*এহাদের আমলেতে জেকামকরিবে
নেকি ও খুবির সাতে আঞ্জাম পাইবে * জোহল মিরিখ এই
দুই তারা জানো। কেতাবে মনহুছ বড়দুই তারা সুনো * এদের
আমলে ভাই দুনিয়ার কাম। করিলে বুরাই হবে আখেরে বদ
নাম * সামস তারা আর আতারদ তারা। মিয়ানা ছায়েত রাখে
নাহি ভালাবুরা * এহার আমলে কাম চাহে কর চাহে নাহি।
কেতাবে জেকের কিছু লেখিল জে নাহি * এইসাত রোজ আর
এই সাত তারা। একুই তাবির রাখে কেতাবের ধারা * দিনে
আর তারা গনে রাখিবে খেয়ালে। ঘড়ির হেছাব খুব করিবে
আমলে * কোনদিনে কোন তারার হয়তো বাদসাই। ভালাবুরা
কেতাবেতে দেখে লেওা চাই * বদতারা সাহি পায় জেইত রো
জেতে। আর থাকে সেইতারা চৌকির কামেতে*তবেত লাজেম
হয় থাত্তেরে সবার। ছেড়েদিয়া কাম করো আমল তাহার* বাদ
সাই থাকুক তাতে কিছু ডরনাই।নেক ছেতারার ছৌকিতে কাম
করাচাই * বাদসার জোর কোম লেখে কেতাবেতে। বাদসা
বসিয়া থাকে একই জাগাতে* চৌকিদার সবে ঘোমে জাগায়২
জা কিছু খবর হয় সাহাকে সুনায় * খোলাছা করিয়া লিখি
ছেতারার নাম। জুদা২ লিখে দেই তাহাদের কাম *
১ সনিবার দিনে জোহল ছেতারা তামাম দিন বাদসাহি করে
আর পহেলা ঘণ্টায় ও আট ঘণ্টার সমায় চৌকিদারি কাম করে
তারবাদে আর সব ছেতারা একঘণ্টা করিয়া চৌকিদেয় *
* এই ছায়েত থারাব * ১; ঘড়ি জোহল ২; মস্তারি
৩ মিরিথ, ৪ সমস, ৫ আতারদ, ৬ জোহরা, ৭ কমর,
৮ জুহল, ৯ মস্তারি; ১০ মিরিথ; ১১ সমস; ১২আতারদ
রবিবার দিনে সমস তামাম দিনের বাদসাহি পায় আর পহেলা

এই ছায়েত বহুত ভালো। ১ ঘড়ি সমস। ২ জোহরা ৩ কমর। ৪ আতারদ। ৫ জহরা। ৬ জোহল। ৭ মস্তারি। ৮ মিরিখ। ৯সমস। ১০ জোহরা। ১১ আতারদ। ১২মিরিখ

সোমবার দিনে কমর বাদসা হয় আর চৌকিদারি * ১ কমর। ২ জোহল। ৩ মস্তারি। ৪ মিরিখ। ৫ সমস। ৬ জোহরা। ৭ আতারদ। ৮ কমর। ৯ জোহল। ১০ মস্তারি ১১ মিরিখ। ১২ সমস।

মঙ্গল বারদিনে মিরিখ তামামদিনের বাদসাহিপায় আর পহেলা ঘণ্টার ও সাতঘণ্টায় সোমায় চৌকিদারি কাম করে * ১ মিরিখ। ২সমস ৩ জোহরা। ৪ আতারদ। ৫ কমর। ৬ জোহল। ৭ মিরিখ ৮ মস্তারি। ৯ আতারদ ১০ কমর ১১ জোহল। ১২ মোস্তরি

বুদবার দিনে আতারদ তামাম দিন বাদসাহি করে আর পহেলা ঘড়ি ও আট ঘড়ি এই সমায় চৌকিদেয় এ হার ছায়েত্ত না বহুত ভালো না বহুত বন্দ মিয়ানা ছায়েত্ত * ১ ঘড়ি আতারদ। ২ কমর। ৩ জোহল। ৪ মস্তারি। ৫ মিরিখ। ৬ সমস ৭ জোহরা ৮ আতারদ ৯ কমর, ১০ জোহল; ১১ মোস্তারি ১২ মিরিখ *

জোমেরাতের দিনে মস্তরি তামাম দিন বাদসাহি করে আর পহেলা ঘড়ি ও আট ঘড়িতে চৌকিদেয় * ১ মস্তরি। ২ জোহরা। ৩ জোহল। ৪ সমস। ৫ কমর। ৬ মিরিখ। ৭ আতারদ। ৮ মস্তরি। ৯ জোহল। ১০ সামস ১১ কমর। ১২ মিরিখ *

জোম্মার দিনে জোহরা তামাম দিন বাদসাহি পায় আর পহেলা ঘণ্টায় ওসাত ঘণ্টায় চৌকিদারি কাম করে কিন্তু এহার ছায়েত্ত ভালো* ১ ঘড়ি জোহরা ২ মিরিখ। ৩ সমস ৪ মস্তরি। ৫ আতারদ। ৬ কমর। ৭ জোহরা। ৮ মস্তরি। ৯ মিরিখ। ১০ সমস। ১১ জোহল। ১২ আতারদ *

এই সাত দিনের মধ্যে দুনিয়ার কারবার সাদি বেহা ও বেচা কেনা ও ছফরে জাবার দরকার পড়িলে মঙ্গল বার ও সনিবার দিনে করিবে না ও জাইবে না জদিবক্ত করিতে কিম্বা জাইতে হয়

তাহার আমল বাদ দিয়া আর সব ছেতারার আমলে জেথানে জাইতে হয় কিম্বা জেকাম করিতে হয় করিবে * জোম্মা ও জোমেরাত আর রোবিবার * সোম্বার এই চার দিন বহুত ভাল দুনিয়ার সকল কামকাজ করিলে ভালাই আর নেক নামি হবে আর মোনাফা পাইবে * কিন্তু এইচারি রোজের বিচে মিরিখ আর জোহলের জথন আমল হবে তথন কোনকাম করিবেনা * করিলে নোকছানি পাইবে । আর বুদবার দিন নাহি নেক নাহি বদ জানিবে ভাই দিনদার তামাম *

সোম্বারে তামাম রাত মস্তারি বাদসাই পায় আর পহেলা ঘড়ি চৌকিদেয় * ১ ঘড়ি মস্তারি; ২ মিরিখ, ৩ জোহরা, ৪ কমর; ৫ জহল; ৬ আতারদ; ৭ সমস; ৮ জহল; ৯ আতারদ, ১০ মিরিখ; ১১ জোহরা, ১২ মস্তরি

* মঙ্গল বারের রাত * ১ ঘড়ি মিরিখ। ২ আতারদ ৩ কমর। ৪ জহল। ৫ মস্তরি। ৬ মিরিখ। ৭ সমস। ৮ জোহরা। ৯ আতারদ। ১০ কমর। ১১ জহল। ১২ মস্তরি

* বুদবারের রাত্তে জহল বাদসা হয় আরতাহার চৌকি * ১ ঘড়ি জহল; ২ মস্তরি; ৩ মিরিখ, ৪ সমস; ৫ জহল; ৬ আতারদ, ৭ কমর, ৮ জহল; ৯ মস্তরি, ১০ মিরিখ ১১ সমস ১২ জোহরা * জোমেরাত্তের রাত্তে সমস বাদসা হয় আর পহেলা ঘড়ি আর আট ঘড়িত্তে তাহার চৌকি* ১ ঘড়ি সমস; ২ জোহরা, ৩ আতারদ, ৪ কমর, ৫ জহল ৬ মস্তরি, ৭ মিরিখ, ৮ সমস; ৯ জোহরা, ১০ আতারদ ১১ কমর; ১২ জহল * জোমার রাত্তে কমর বাদসা আর চৌকি পহেলা হইত্তে আট ঘড়ি তক দুই ঘড়ি * ১ ঘড়ি কমর, ২ জহল, ৩ মস্তরি; ৪ মিরিখ, ৫ সমস; ৬ জোহরা, ৭ আতারদ, ৮ কমর; ৯ জোহল, ১০ মস্তরি; ১১ মিরিখ; ১২ সমস; * সনিবারের রাত্তে মিরিখ বাদসা আর চৌকি হয় পহেলা আর আট ঘণ্টা এই দুই ঘড়ি * ১ ঘড়ি মিরিখ' ২ সমস, ৩ জোহল; ৪ আতারদ, ৫ কমর

১১ আতারদ, ১২ কমর, * রবি বারের রাতে আতারদ বাদসা হয় আর চৌকি পহেলা হইতে আট ঘড়ি এইত্রুই ঘড়ি * ১ ঘড়ি আতারদ, ২ সমস; ৩ জোহল, ৪ মোসত্তরি, ৫ মিরিখ; ৬সমস; ৭ জোহরা, ৮আতারদ, ৯ কমর, ১০ জোহল; ১১ মসত্তরি, ১২ মিরিখ *

ছেতারার গরদেস বাব হইল তামাম। দেখিয়া সুনিয়া ভাই করিবেক কাম * * ছেতারার খাছিয়েতের বয়ান *

* ত্রিপদি * সুনো ভাই বন্ধু গোন; হৈয়া সবে এক মন' সোন এবে করিয়া ধিয়ানে। জোহল ছেতারা জেই, খাছিয়েত তার এই, মনহুস জানো ভাই গনে * সনিবার দিনে জেই, বাদ সাহি পায় সেই, হাকেম হৈয়া বসে তক্ত পরে। বুরাই আদত তার. বুরাইর কারবার, রুজু থাকে বুরাকাম পরে * তাহার আমল বিচে; কাম সব মানা আছে; করিতে জে সকলের তরে করিলে সকল কাম, হবে বুরা পরিনাম, নোকছানি পাইবে আখেরে * জোহলের আমলেতে; লাড়কা হয় ঘরেতে, জলিল করিরে মা আর বাপে। লাম্বা কদ তারহবে, মালজমা সে করিবে তঙ্গদেল জাহেল হবে আপে * মোনহুস মা বাপ তরে, রবে ফছাদের পরে, খরচ করিবে জত পাবে। গম ও ফেকেরে রবে, দুখ দর্দ্দ বড়া পাবে, এইহাল লেখেজে কেতাবে * জোহল তারার আমলে, নক্স আমল কৈলে, ভাল নাহি হইবে কখন ছদকা খয়রাত আর; দুনিয়ার কারবার' মানা আছে সবার কারন

* মস্তরি ছেতারার খাছিয়েত *

জোমারাতের দিনেতেঃ আছ মান উপরেতেঃ মস্তরি বাদসাহি পায়। বাদসাহি কাম করেঃ থাকেত নেকির পরেঃ বদিকামে কাছে নাহি জায় * সবকাম কররাচাইঃ তাহার আমলে ভাইঃ ভালো আছে লেখেজে কেতাবে। তামামি দুনিয়ার কামঃ পাইবেক আঞ্জামঃছফরে জাইলে নাফা পাবে*নেকা করে জেই জনঃ তারঘরে ফরজনঃ পয়দা হৈলে নেকবক্ত হবে। নতুবা বানায় ঘরঃ খেত্তিবাড়ি তার পর; বোজরগ সবার কাছে জাবে * নয়া

করে। নেক মোবারক হবে;রুজি সেই বেসি পাবেঃছাহেব দওলত হবে ফিরে * হবে পাকিজা আন্দাম, আর সে খোস কালাম; নেকতার হবে খছলত। ছফেদ লেবাছ রবে, চোক তার কালো হবে; মুখে হবে তার ঠিকবাত * পারছা মুত্তকি হবে ; আপনা ইয়ার সবে; খোসাল রাখিবে জনে২। মা আর বাপের পরে, মোবারক কদম ধরে; দুখনা পাইবে কিছু মনে*সেই ছায়েতের বিচে, গোলাম কারু ভাগিয়াছে, জলদি কিয়া আসিবেক হাতে মস্তরি ছেতারা এই, এহার ছাএত ভাই, বড় ভাল জান সকলেতে
* মিরিখ ছেতারার খাছিয়েতের বয়ান*
মিরিখ ছেতারা বদ; বুরাইর তারহদ, নাহি হয় তাহার বয়ান। মঙ্গল বারেতে জেই, বাদসাই পায় সেই, কহিসুন জতভাইজান জাল্লাদ ফলক নাম, জাল্লাদির তার কাম; বড়া বুরা আমলতাহার সেই ছায়েতের বিচে, ফরজন্দ জারইছে' হবে সেই জালেম বদ কার * মালের লালচি হবে, বদকারি বিচে রবেঃ খুনি আরহবে দাঙ্গাবাজ। চোরের ছোহবতে রবে, মালজমা সে করিবে ঃ হারা মের নাহি ইমতিয়াজ*রাগেতে রহিবে সদা, নাসুনিবে কারবাদা জিদ্দির রহিবে আপনায়। চোখতার হবে লাল, মা বাপ উপরে কাল, খুশি ছেড়ে দুখ দিবে হামেসায় * আর সেই ছায়েতেতে; কাহারু যে ঘর হৈতে, গোলাম ভাগিয়া জদিজায় * না আসিবে কদাচোন; কোন কাম কোন জোন, করিলে ভালাই নাহি পায় সেই ছায়েতের বিচে, নেকি কাম নাহি আছে' বদি কৈলে হইবে ভালাই। নামাজ রোজা এবাদতে; মসগুল রহিবে তাতে, ছদকা দেওা লাজেম তারে ভাই * * সমস তারার বয়ান *
* পয়ার * সমস ছেতারা জান সুরুজেরে কয়। রবিবারে দিনে তার বাদসাহি হয় * সেইত তারার অক্ত নেক বড়া আছে। জেই কাম করে কেহ জান তার বিচে * ভালাই খুবির সাতে পাইবে আঞ্জাম। সোছাফেরি করে কিবা সাদি বেহা কাম * তেজারতে গেলে মাফা বহুত পাইবে। বোজর্গ লোগের কাছে এক্কত বাড়িবে * ফরজন্দ হইলে হবে দারাজ হায়াত। ছাহেব

একবাল হবে বাড়িবে হোরমত * নেকনামি বিচে হবে জাহানে মসহুর। পেয়ারা হইবে সেই লোকের হুজুর * মজলেছ বিচেতে সেই জে কথা কহিবে। সকলেতে বাত তার মানিয়া লইবে * হাছেল হইবে তারে মাল হালালের। নেকলিবে তারহাতে কাম মোস্কেলের * খয়রাত বহুত দিবে খোদার রাহেতে। মোবারক কদম হবে মা বাপ হক্কেতে * ঐতো ছায়েতে মাল চুরি হয় জার পাইবেক মাল সেই ফজলে খোদার * দোওাকে আমল করে জদি কুন জোন। নেক মোবারক হবে তাহার কারন * নেকা বেহা সেই জদি করিতে চাহিবে। করিলে ভালাই সেহ আলবত্তা পাইবে *

* জোহরা ছেতারার খাছিয়েতের বয়ান *

জোহরা ছেতারা নেক লেখেছে কেতাবে। জুম্মার দিনের বাদসা সকলে জানিবে * বাদসাহি পায় সেই বড়া খুসি হয়। তাহার ছাএত ভাল কেতাবেতে কয় * দুনিয়ার কামজতো হইবে হাছেল বেটা লাডকা হৈলে কাক হইবে ফাজেল * হায়াত দারাজ হবে হইবে হেকিম। খোস মেজাজ সায়ের হেকমতে আলিম * ফকির দোস্ত হবে আর বাড়িবে হোরমত। হরএক মজলেছ বিচে পাইবে এর্জ্জত * খেস বেরাদর বিচে খোসালে রহিবে। বদ লোক হৈতে খুব পরহেজ করিবে * খোদার বন্দেগি বিচে রহিবে মোদাম। জতো ভাল কামসব পাইবে আঞ্জাম * ছুরতজামাল হবে সেইত ফরজন। নেক মোবারক হবে মাবাপ কারন * গোলাম ভাগিয়া গেলে ঐ ছায়েতেতে। ঘুরিয়া ফিরিয়া সেই আসিবে ঘরেতে * কারুপরে কেহ জদি আসক হৈয়া জায়। দোওা তাবিজ পরে জদি মোন চায় * এই ছায়েতের বিচে আমল করিবে। দেলের মকছেদ তার হাছেল হইবে * সাদি বেহা করাচাই সবাকে লাজেম। খুব হবে সাদি বিচে কহেন আলেম *

* আতারদ তারার খাছিয়েতের বয়ান *

আতারদ ছেতারার মেয়ানাছায়েত। নাহিনেক নাহিবদ কেতাবে ছাবেত * বুদবার দিনে হয় তাহার বাদসাই। তাহার আমল বিচে লেখেতো এরছাই * সেই ছায়েতের বিচে কাহার ঘরেতে। বেটা

হুসমন। জা শুনিবে কানে নাহি ভুলিবে কখন* হুসিয়ার দুরবিন ফহি জোবান হবে। জাহানের সবকাম হাছেল করিবে* মাবাপ উপরে হবে মোবারক কদম। নেককার তারে কবে জতেক আলম বাজে হাকিমেতে এহা কহে কেতাবেতে। হাসেসা পড়িয়া রবে বিমারি বিচেতে * ঐ ছায়েতের বিচে কেহ ভেগে জায়। না আসিবে ফিরে সেই কেতাবে বাতায় * দোআ ও দরুদ কেহ আমল করিবে। হাজার মেহনত কৈলে নেক না হইবে*

* কমর ছেতারার বয়ান* কমর ছেতারা নেক জানো সর্ব্ব জোন। বাঙ্গালাতে চন্দ্র কহে জাহার কারন * সোম বার দিনে সেই বাদসাহি পায়। আমল তাহার নেক জানহো সবায় * তাহার ছায়েত ভালো উপরে সবার। লাজেম করিতে হয় জতো কার বার* সোছাফেরি করে কিম্বা নেকা বেহা করে রোজগার নিকটে জায় তেজারতি ধরে * বুনিয়াদ ডালে সেই ঘর বানাইতে। ফরজন্দ পয়দা হয় সেই ছায়েতেতে *মালদার হবে সেই হইবে হুসিয়ার। মারজে আবেদ হবে বড়া ছলাদার* আমির ওমরা আর বাদসা হুজুর। সেই মর্দ্দ হইবেক মারুফ মসহুর*জে কথা কথন কবে জাহার নিকটে। ভাল লাগিবেক কথা সবাকার ঘটে * মোবারক কদম হবে মা বাপ উপরে। খুসিতে রাখিবে আর খেস বেরাদরে * দুস্মন রহিবে জের খোদার ফহলে। উম্মর দারাজ হবে কেতাবেতে বলে * খলক মেজাজ তার বড়া খুসি সাতে। পাক ও পাকিজা রবে আপনা ঘরেতে * দুনিয়ার কাম ঐ হাতে লাড়কার। ভালাই খুবির সাতে হইবে বাহার * ঐতো ছাএত বিচে কেহ জদি কার। পালাইয়া গেলে ভাই আসিবে আবার * জেইকাম চাহে সেই করিতে পারিবে। ভালাই খুবির সাতে আঞ্জাম হইবে * বড়া নেক ছায়েত আছে এই ছেতারার আমল দোস্তির কৈলে হইবে তাহার * রোজগার খাতেরে জদি লেখে তাবিজাত। মকছেদ করিবে পুরা সেই পাক জাত * আর কোন আমল এয়্যাত জদি সে পড়িবে। খোদার ফজলে সেই আমল হৈয়া জাবে * ছেতারার ছায়েতের কথা হইল তামাম।

হামল বুরুজ বৈসাখ মা মেস রাস অ ল	ছুর বোরজ জৈষ্ঠী মাস ব্রস রাস এ, ই, উ; ব;	জওজা বুরুজ আসাড় মাস মিথুন রাস ক চ
ছরতান বোরজ শ্রাবন মাহা করকট রাস ড ত	আছাদ বুরুজ ভাদ্র মাস সিঙ্গি রাস ম ঠ	ছম্বলা বুরুজ আশ্বিন মাস কন্যা রাসি প, থ, ট
মিজান বুরুজ কাত্তিক মাস তুলারাসি র ত	আকরব বুরুজ অঘ্রান মাস বিছা রাসি ন জ	কুছ বুরুজ পৌস মাস ধনু রাস ধ; ফ; ঢ; ভ;
জদি বুরুজ মাগ মাস মকর রাসি খ ঘ	দলো বুরুজ ফাগুন মাস কুম্ভু রাস স গ	হুত বুরুজ চৈত্র মাস মিন রাস দ; চ; ঝ;

* বারো বোরজের হিসাব পহেলা বোরজ এই *

সমছি হিসাবে হয় পহেলা জে মাহা। হামল বোরজ নাম বৈসাখ সেই মাহা * বেটা বেটি পয়দা জদি হয় কার ঘরে। রাসের হিসাব তার সোন বেরাদারে * আতসি মেজাজ তার লেখে কেতাবেতে। মেস রাস লেখে তারে বাঙ্গালা বিচেতে * ভেডার ছুরত আছে ঐ বুরুজের। মাদা নহে নর বটে কেতাবে জেকের * অ, আর ল, এই দুই অক্ষর। কাহার নামের আগে পডিলে নজর * আতসি মেজাজ তার মালুম করিবে। রাসের হিসাব তার সুনে লেহো এবে * এগারো কাহোন জমা তাহার হোসার। প্যাচ কাহন খরচ তার কেতাবে বাতায় * ছয় কাহন

* দোছরা বুরুজের হিসাব *

দোছরা বুরুজ ছুর ত্রেস জৈষ্ঠ নাম। মাটির মেজাজ রাখে সুনো খাছ আম * ছুরত তাহার আছে এ বুরুজের। নর গোরু মত আছে কেতাবে জেকের * ঐ মাশে বেটা বেটি হইলে কাহার। ঐ রাস লেখা জায় কেতাব মাজার * চার হরফের সেই এলাকা জে রাখে। এ; ই, উ; ব; কেতাবেতে লেখে * এই রাসে জেই জন পয়দাস পাইল। পাঁচ কাহন জমা তার হেছাবে হইল * চৌদা কাহন তার খরচ হেছাবে। নও কাহন ফাজিল তার লেখেতো কেতাবে *

* তেছরা বুরুজের হিশাব *

তেছরা বুরুজ জওজা আশাড় মাস হয়। মিথুন রাস নাম তার কেতাবেতে কয় * বেটা বেটি পয়দা হৈলে ঐতো মাসেতে। ঐ রাসি নাম ধরে জানো কেতাবেতে * হাওয়া খাছিএত তার কেতাবে জেকের। ছুরত তাহার আছে জান গন্দমের * দুইটি হরফ তার আছে এলাকাতে। ক, ছু, হরফ ভাই জান সকলেতে সেই বুরুজের হয় জমা আট কাহন। খরচ তাহার জান এগারো কাহন * তিন কাহন ফাজিল হয় হিসাবের বিচে। এই হাল বোরজের কেতাবেতে আছে *

* চৌথা বুরুজ *

চৌঠা বুরুজ জান নামজে ছরতান। মাহিনা শ্রাবন হয় কহেন জাহান * কর্কট রাস তারে কহেন শকলে। কেকড়া ছুরত তার বোজ সবে দেলে * ঐমাসে জেই লাড়কা জায় পয়দা হবে। ঐরাস লেখা জায় জানহ কেতাবে * আবির মেজাজ হবে পানি বলে জারে। ড, হ, এই দু হরফ এলাকা তাহারে * দুকাহন জমা তার কেতাব ভিতর। এগারো কাহন খরচ জানহ খবর * ফাজিল তাহার হৈল নও কাহন। পাচঙা বুরুজের হাল লিখিজে এখন *

* পাঁচঙা বুরুজের হিশাব *

পাঁচঙা বুরুজ সোন আছদ নামেতে। ভাদ্র মাহা নাম তার বলে সকলেতে * সিঙ্গি রাসি সে বোরজ আছে নাম তার। তাহার ছুরত আছে বাঘের আকার * ঐ মাসে জেই লাড়কা পয়দাশ পাইবে। এইমত লেখাজায় জান ভাই সবে * আতসি

জতো জমা ততো খরচ সোমানে সোমান। বরাবর আছে এহা কেতাবে বয়ান * * ছটঙা বুরুজের হিসাব *

ছোম্বলা বুরুজ জান ছটঙা মাসের। আশ্বিন মাস নাম তার কেতাবে জাহের * কন্যারাশি বলে জারে বাঙ্গালা জবানে। ছুরত ভু আওরত মত জান সর্ব্বজনে * এই মাসে বেটা বেটি পয়দা হইলে। কন্যারাসি তাহাদেরে শকলেতে বলে * খাকের তাছির রাখে ঐ বুরুজেতে। তিন হরফ আছে তার এলাকা বিচেতে * প; থ, ট; এতিন হরফ। বুরুজ হিসাব সবে করিবে ছরফ * আট কাহন জমা তার রাসের হিসাবে। এগার কাহন খরচ লেখেত কেতাবে * * সাতঙা বুরুজের হিসাব *

মিজান বুরুজ নাম কাত্তিক মাহার। সাতঙা বুরুজ হয় আছ মান মাঝার * তারাজু তাহারে কহে হিন্দির জোবানে। তুলা রাসি লেখে জার তাহার কারনে * ঐমাসে বেটা বেটিজদি পয়দা হয়। তুলারাসি তাহাদেরে বলে জে সবায় * র, ত, দুই হরফ এলাকা তাহার। হাওয় তাছির রাখে সেই আপনার * পাচকাহন জমাতার লেখে কেতাবেতে। এগার কাহন খরচ জানসকলেতে

* আটঙা বুরুজের হিসাব *

আটঙা বুরুজ আছে আকরব নামেতে। অঘ্রান মাস নাম তার লেখা কেতাবেতে * বিচ্ছু র সকল আছে ঐবুরুজের। বিচারাছে জন্মহয় সেই মানুসের * ন, জ; দুই হরফ এলাকা তাহার। আবি জে মেজাজ ফের হইবে ওহার * এগারকাহনজমা কেতাববিচেতে পাঁচ কাহন খরচ সুনহ সকলেতে * * নওঙ্গি বুরুজ *

নওঙ্গি বুরুজ কুছ পোস মাহা হয়। পয়দা হইলে লাড়কা ধনু রাসি কয় * তাহার ছুরত আছে তির কামানের। আতসি মেজাজ রাখে কেতাবে জেকের * চারহরফ এলাকা যে ধ, ফ, ঢ, ভ। চৌদ্দ কাহন জমা সকলে জানিবে * এগার কাহন লেখে খরচ তাহার। তিন কাহন জমা থাকে সোন বেরাদার *

* দসঙা বুরুজের হিসাব *

দসঙা বুরুজ জদি মাঘ মাহিনা। বেটা বেটি পয়দা হৈলে জান

এলাকা থাকের থাছিয়েত * দুই কাহন আয়তার ব্যায় আট কাহন। ছয় কাহন ফাজিল তার জান সর্ব্ব জোন *

* এগারোঙা বোরজের বয়ান *

এগারোঙা বুরুজ ফালগুন মাহা নাম। ডোলচি আকার সেই কুম্ভ রাস নাম * স: গ দু হরফ এলাকা তাহার। আপনি মেজাজ রাখে জানিবে হাওার * চৌদ্দ কাহন জমা সেইত রাসের। এগার কাহন খরচ কেতাবে জেকের * * বারঙা বোরজ *

বারঙা বুরুজ হুত চৈত্র নাম তার। মিনরাসি নাম আছে মাছের আকার * দ, চ, ঝ, তিন হরফ এলাকা সে রাখে। আবি থাছিএত রাখে সোন সর্ব্ব লোকে * চৌদ্দ কাহন জমা হয় হিসাবেতে। এগার কাহন খরচ সুনো সকলেতে * বুরুজের হিসাব এবে হইল তামাম। অধিন করিম কহে কেতাব কালাম *

* চৌথা বাব বারো মাসে বারো বোরজ থাকে *

বৈসাখ মাসে এক মাস হামল বোরজে। শুরুজ সরদেস কহে সুনো পাক নাজে * জৈষ্ঠ মাসে থাকে সুর্য্য ছুর বোরজেতে। আসাড়েতে থাকে সুর্য্য জওজা বুরুজেতে * শ্রাবন মাসেতে থাকে ছারতান বোরজেতে। আছাদ বোরজে থাকে ভাদ্র মাসেতে * ছোম্বলা বোরজে থাকে আশ্বিন মাসেতে। কার্ত্তিক মাসেতে সুর্য্য থাকে মিজানেতে * অঘ্রান মাসেতে থাকে আকরব মাঝার। পউস মাসে কুসে থাকে কেতাবে আজকার * মাঘ মাহা বিচে সুর্য্য জদি বোরজেতে। ঘুমিয়া বেড়ায় সেই তাহার বিচেতে * ফালগুন মাসেতে সুর্য্য জায় দলো বিচে। একমাহা থেকে তাতে জায় তার পিছে * হুত বুরুজেতে জায় চৈত্র মাহায়। কমরের হিশাব ফের সোনহ সবায় *

* বাব কমরের হিসাব *

চান্দের হিসাব সোন জতো ভাইজান। কমরি হিসাব হয় এয়-ছাই বয়ান * মাহে মহরমের পহেলা তারিখ হৈতে। আড়াইদিন থাকে চন্দ্র হামল বুরুজেতে * ছুর বুরুজেতে চান্দ থাকে আড়াই দিন। জওজা বোরজে জায় ফের আড়াই দিন * এই রূপে এ

ঘুমিয়া আরাম করে ঐ মাহিনায়। দোছরা চাঁদের পহেলা হামল বোরজে জায় * সেবি মাহা এই রূপ ঘুমিয়া বেড়ায়। এই মতে বার মাহা চরখেতে জায় * চাঁদের গরদেস বেসি সুরুজ হইতে লিখিল আলেম সবে কেতাব বিচেতে *

* বচ্ছরের খোলাছা হিসাব *

ফরমালেন রছুলুল্লা এয়ছাই কালাম। বয়্যান করিজে থোড়া সুন থাছ আম * বচ্ছরেতে হয় কত দিন হিসাবেতে। তিনসও সাইট দিন লেখে কেতাবেতে * তাহার বিচেতে আছে চব্বিশ রোজ বুরা। বড়ই মনহুস রোজ বদি তাতে পোরা * ঐ রোজ জার ঘরে ফরজন্দ হইবে। কখন সে লাড়কা তার নাহি বাঁচিবে সেই রোজ কেহু জদি পড়িলে বিমার। হাজার দাওাই কৈলে না বাঁচিবে আর * মরিয়া জাইবে সেই খোদার মরজিতে। দাওাই আছর কিছু না পারে করিতে* ঐ তারিখেতে কেহু দক্কি নেতে জাবে। সেইকাম তারকভু আঞ্জাম না পাবে * লড়াইতে কেহুজায় ঐ জেতারিখে। হজিমত দিবে ফের কাফের তাহাকে মারাজাবে সেই লোক কাফেরের হাতে। কাফেরের জিত হবে তাহার পরেতে *ছওদাগরি কামে কেহু ছফরেতে চলে। নোক ছানি তাহার বড়া হইবে জেমালে * ডুবেজাবে চুরি হবে মাল জে তাহার। মুছিবত ওঠাইবে রাহের মাঝার * ঐ সব তারিখে কেহু গাছ লাগাইবে। নাহবে শেসব গাছ মরিয়া জাইবে * খেতি খোলা করে জদি ঐ তারিখেতে। না হবে আবাদ খেত সোন একিনেতে * ঐ তারিখে কেহু জদি ঘোড়া কিনিবে। না বাঁচিবে সেই ঘোড়া মরিয়া জাইবে * নতুন কাপড় কেহু না পিন্দিবে ভাই। কখন নাহবে তার জানহ ভালাই। কিস্তিতে ছওার হৈয়া নাজাবে কোথায়। ডুবিয়া জাইবে কিস্তি বিচ দরিয়ায় * পির ওলি বাদসার দরবারেতে গেলে। দুস্মন হইবে সেই দুক্কু তারে মেলে * ঐ তারিখে কেহু করজ করে জদি। আদায় না হয় কভু কেয়ামত অবদি * এইমত জতো কাম আছে দুনিয়ার করিতে লাজেম নাহি উপরে তাহার * ফরমালেন আপে নবি

আমানেতে আপনা রাখিবে। এইত তারিখ সব ঝুটা না হইবে *

* মাহিনার খোলাছা তকছিল *

মহরম মাসের ১৪ঃ ১৫ তারিখ * ছফর মাহার ১।২০ তারিখ রবিওল আউওল মাহার ১০ঃ১৪ তারিখ। রবিওল আখের মাহার ১৫ঃ ১ তারিখ * জামাদি আউওল মাহার ১৫ঃ ১০ তারিখ * জমাদিল আখের মাহার ১৪ঃ ১০ তারিখ * রজব মাহার ১৩ঃ ১১ তারিখ * সাবান মাহার ৪ঃ ৬ তারিখ * রোমজান মাহার ২০ঃ৩ তারিখ * সওাল মাহার ২০ঃ৮ তারিখ * জেলকাদ মাহার ২০ঃ২ তারিখ * জিলহেজ্জ মাহার ৩-৬ তারিখ * এসব তারিখ লেখে মনহুস কেতাবে।এহার উপরে ভাই আমল করিবে * আমল করিয়া চল জতো মোছলমান। তোমাদের কুন কামে নাহবে নোকছান * * জোগিনির চক্করের বয়্যান * জোগিনির হাল থোড়া সোন দেলদিয়া। দিনরাতে ঘোমে জুগনি দিনুজে লিখিয়া * পুর্ব ও দক্ষিন বিচে আছে জেই কোনা। অগ্নি তাহার নাম জানো সর্বজনা* মাসের পহেলা তারিখ দিন আর রাতে। আমল তাহার থাকে ঐত কোনাতে * সকালে সেখানে হৈতে উঠিয়া চলিবে। দুনিয়ার চারি দিগে ঘুমিয়া আসিবে * দোছরা তারিখে জায় নিরত কোনায়।পশ্চিম দক্ষিন বিচে জেই কোনা হয়*একদিন একরাত ঘুমিয়া আসিবে। তেছরা তারিখে ভোরে দক্ষিনে রহিবে * দক্ষিন হইতে ফের ঘুমিবে তামাম। চৌথা তারিখে জাবে পশ্চিছ মোকাম * এইমতে কোনা২ জুগ-নির চাল। সোজা২ নাহিচলে এয়ছা তার হাল * সকলে লাজেম আছে জোগিনির পরে। জোগিনির চাল দেখে সব কাম করে * কিম্বা কারে কুন জাগা জাইতে হইবে। জোগিনিকে আগে ভাই দেখিয়া লইবে * ডাহিনেতে পাও কিম্বা পাও সুমুখেতে। কখন লাজেম নাহি তাহাকে জাইতে* গেলেপরে দুক্ষ পাবে কেতাবে খবর। বড়ো মুছিবত হবে তাহার উপর * জুগনিকে রাখাচাই বামের দিগেতে। কিম্বা রাখা চাই তারে পিটের তরফেতে * তবেতো হইবে ভালো জেখানে জাইবে। এর্চ্ছত হোরমত ভা[illegible]

বহুত বাড়িবে * জুগনির তারিখ সবে মালুম করিবে। দায়েরার বিচে খুব নজর করিবে * সকল তারিখ আছে লেখাজে তাহায় গওর করিয়া আমল করিবে সবায় *

নিরত কুকুর ছওয়ার ২৫।১৭।১০।২	পশ্চিম গরুর ছওয়ার ১২ । ৪ ২৭ । ১৯	বাএব গাধারছওয়ার ২০। ১৩। ৫
দক্ষিন বাঘেরছওয়ার ২৬ । ১৮ ১১ । ৩	জোগনির চকর এই	উত্তর শেয়ালছওয়ার ৩০ । ২২ ১৫ । ৭
অগ্নি সাপেরছওয়ার ১।৯।১৬।২৪	পুরব হাতির ছওয়ার ২৯ । ২২ ১৪ । ৭	ইছান মরগ ছওয়ার ২৮।২১।৬

* এই সাত দিনে চার তরফে জাইতে নিসেদের বয়্যান *

আলেমেরা লিখিয়াছে কেতাব মাঝার। খিয়ান করিয়া সোনো জতো দিনদার * জোম্মার দিনে আর বুধবার দিনে। পশ্চিম তরফে জেতে জান সর্ব্ব জোনে * বহুত নিসেদ আছে জাইতে সবায়। গেলে পরে সেইদিনে পড়িবে ধোকায় * সনিবার সোম বার এই দুই দিনে। পুর্ব্ব তরফেতে ভাই নাজাবে কখনে * খাতা পাবে সেই দিগে করিলে গমন। কেতাবে বয়্যান আছে সবার ক্যুরেন * কামনষ্ট হবে তার পড়িবে মুস্কিলে। এয়ছাই কওলভাই

করিল জেতে তাহারে কেতাবে * লক্ষিবার দিনে লেখে এয়ছাই খবর। দক্ষিনের তরফেতে না কর ছফর * না সুনিয়া জাবে জদি কথাকে টালিয়া। গেলে পরে আফতেতে জাইবে পড়িয়া * তবে জদি কার তরে জরুর হইবে। সেইদিন সেতরফে না গেলে না হবে * তবে এই সবকাম লাজেম তাহায়। করিতে জরুর হবে কেতাবেতে কয় * রোববারে পান খেয়ে সেই দিগে জাবে। খোদার ফজলে কাম আঞ্জাম হইবে। সোমবারে আইনা ভাই লইবে দেখিয়া। মঙ্গল বারেতে লবঙ্গ লইবে খাইয়া * বুদবারে গুড়খাবে লক্ষিবারে দোই। সুক্রবারে খেতেহবে তাহাকে জে খোই * সনিবারে বাও বেরঙ্গ খাইতে হইবে। এইকাম করেভাই ঐ দিগে জাবে * খোদার ফজলে ভাই মনহুছি ছায়েত। টলিয়া জাইবে এয়ছা কেতাবে ছাবেত * আর তার কাম হবে খোদার ফজলে। এতে সক নাহি আছে কেতাবেতে বলে * অধিন গরিব কহে ভরসা খোদার। খোদার কারখানা সব দুনিয়া মাঝার * কে বুঝিতে পারে ভাই হেকমত তাহার। আপনা হেকমত বিচে আপনি মক্তার * ভাল মন্দ সব করে আপে পাক সাঁই। তাহার কুদরত পরে রাজি থাকা চাই *

* জকিনামার বয়ান * সোনভাই দিনদার করিয়া খেয়াল। চার পহর দিনে পয়দা করে জোলজালাল * রাতের পহর চার কৈল পরওয়ারে। দিন রাতে আট পহর হৈল বেরাদরে * এর বিচে জকি হৈলো চার রকমেতে। খোলাছা করিয়া লিখি বাঙ্গালা ভাসাতে * চার পহরে বারো ঘণ্টা ইংরাজি হিসাবে। তিন ঘণ্টাতে পহর সকলে জানিবে * কাঁচা চার ঘণ্টায় পহর লেখে কেতাবেতে। সোলঘণ্টায় চার পহর জানো সকলেতে *

জোম্মার দিনে এহরাক চার ৪ ঘড়ি রিহ ২ ঘড়ি জকি ৪ ঘড়ি বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি বিন ২ ঘড়ি *

সনিবারের সাম হইতে ভোর লাগাত রিহ ২ ঘড়ি জকি ৪ঘড়ি বিন২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি *

সনিবারের সকাল হৈতে সাম লাগাত বিন ২ ঘড়ি জকি ৪ ঘড়ি

রবিবারের সাম হৈতে ভোর লাগাত এহরাক দুই ঘড়ি জকি ২ ঘড়ি বিন ৪ ঘড়ি রিহ ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি জকি ২ ঘড়ি *
রবিবারের দিন বিন ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি জকি ৪ ঘড়ি বিন ২ ঘড়ি *
সোমবারের রাত এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি জকি ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি *
সোমবারের দিন এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি *
মঙ্গল বারের রাত বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি জকি ৪ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি *
মঙ্গল বারের দিন রিহ ২ ঘড়ি জকি ৪ ঘড়ি বিন ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি *
বুদ বারের রাত রিহ ২ ঘড়ি জকি ৪ ঘড়ি এহরাক ২ ঘড়ি রিহ ৪ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি *
বুদবারের দিন জকি ৪ ঘড়ি রিহ ২ ঘরি এহরাক ৪ ঘড়ি রিহ ২ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি *
জোমেরাতের রাত রিহ ৪ ঘড়ি এহরাক ২ ঘড়ি জকি ৪ ঘড়ি রিহ ২ ঘড়ি বিন ২ ঘড়ি জকি ২ ঘড়ি *
জোমারাতের দিন বিন ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি জকি ৪ ঘড়ি বিন ২ ঘড়ি *
জুম্মার রাত বিন ২ ঘড়ি এহরাক ৪ ঘড়ি জকি ৪ ঘড়ি বিন ২ ঘড়ি রিহ ২ ঘড়ি বিন ২ ঘড়ি *

* জকিনামার খাছিয়েত *

তারপরে জিবরিল আলেহেচ্ছালাম। নবিজিকে ফরমালেন এয়ছাই কালাম * সাত রাত সাত দিন আছে জাহানেতে। চার ওক্ত মকরর হইল দিনেতে * রাতেতে হইল ফের ওক্তজে চাহার ওক্ত মোবারক করিয়াছে আপে পয়গম্বর * পহেলা ওক্তের নাম জকিজে রাখিল। দোছরা ওক্তের নাম বিন হৈল* তেছরা অক্তের রিহ নাম হৈল তার। চৌথা এহরাক নাম কেতাব মাঝার * এই চারি ওক্তের খাছিয়েত আছে জোদা। পয়দা করিয়াছে সবে

তাহার ছায়েতে কাম আছেত করিতে * সেই ওক্তে লড়াইতে কেহ জদি জায়। লড়াই তাহার ফতে করিবে খোদায় * সাদি বেহা করিলে হবে ভালাই তাহার। সাজওারি হবে তার ফজলে খোদার* সেইত ছায়েতে জদি ফরজন্দ হইবে। নেক বক্ত আল্লা তালা তাহারে করিবে * ছাহেব দওলত হবে মাল হবে তার। এলেমে আলেম বড়া হবে হুসিয়ার * খেতি খোলা করে জদি কেহ সেই অক্তে। ফছোল বহুত খোদা দিবে তার বক্তে * সেই ওক্তে কেহু জদি তেজারতে জায়। বহুত ফায়েদা দিবে তাহাকে খোদায়*ঘর বানাইলে হবেছাজওারি তারে। খুসি খোসালেতে তারে রাখে পরওারে * দুনিয়াতে জতকাম আঞ্জাম পাইবে। এর্জ্জত হরমত তার বহুত বাড়িতে*ভালাই ছাড়িয়া তার নাহবে বুরাই।খুসি খোসালেতে সেই রবে হামেসাই*দোছরা ওক্তবিন ছায়েত নাম ধরে। নাহি নেক নাহি বদ জানিবে তাহারে * দুনিয়ার জতকাম করে জেই জোন। লাব ও নোকছানি তার তাহার কারন * কিছুনা হইবেতারে লেখে কেতাবেতে। তাহার তাছির আছে মদ্ধম গোছেতে* তিছরা অক্তের নাম রিহ জান ভাই। তাহার খাছিয়েত বদ জানিবে সবাই* নোকছানি বিহনে কিছুলাব না দেখিবে। সব কামেতে বুরাইহাছেল হইবে*ঘরবানাইলে তার জাইবে পুড়িয়া। নেকা বেহা কৈলে সেই জাবে পালাইয়া *ঘর কমা কভুনাহিকরিবে সেনারি। বড়বদছাএতরিহ কহিতেনা পারি সেই ওক্তে লাড়কা জদি কার ঘরে হয়। বদ বক্ত বদ আক্কেল বে এলেম রয় * জালেম বর্জ্জাত বড়া হবে দুরাচার। আজেজ হইবে লোক হাতেতে তাহার*চোর বাটপার আর নেসা খোর হবে। মার পিট খুনবিচে মসগুল রবে * নছিহত কিছু তারে না হবে আমল। ফেছেক ফজুর বিচে রহিবে মসগুল * সেই ওক্তে জেরা আত করিতে জে মানা। কেতাবেতে লেখা আছে জানসর্ব্ব জোনা * কোন দেসে জাবে জদি ছফর করিয়া। ছালামতে কভু নাহি আসিবে ফিরিয়া * আর জে ছোহবত করিবে বান্দি সাতে নাহবে ফরজন্দ তার লেখে কেতাবেতে * জদিবা হইবে লাড়কা

ছায়েতে জদি কেনা বেচা করে। নোকছানি হইবে তার মালের উপরে * সেই ওক্তে কেহ জদি কোন কামে জাবে। খোদার মর জিতে কয়েদ পড়িয়া জাইবে * খালাছি নাহবে তার জলদির সাতে। কএদ খানায় সেই রবে মুছি বতে * চাহারম এহ রাক নাম জেই ছায়েতের। বড়ই মনহুছ জান কেতাবে জেকের * দুনিয়ার জত কাম করিতে জে মানা। কেতাবেতে লেখা আছে জান সর্ব্ব জোনা * করিলে নোকছানি পাবে কহিজে সবায়। অধিন গরিব লেখে ভাবিয়া খোদায় * তামাম হইল এবে জকি নামা বাব। সবার খেদমতে মেরা হাজার আদাব*

* ভালে নামার কাল এই *

স্তন ভাই মোছলমান করিয়া খেয়াল। ভালেনামা থোড়া এবে লিখিজে আহওাল * ভালেনামা কারে বলে মালুম করিবে। কেছমত জারনাম লেখেজে কেতাবে * জাহাকে দেখিতে হয় ভালে নামা তরে। আস্তাগ ফার পড়িতে হবে আগেতে তাহারে তার পরে দরুদ পড়িবে দসবার। তার পরে ছুরে ফাতেহা পড় একবার * ছুরে এখলাছ দস বার পড়িতে হইবে। তার পরে ঘর বিচে আঙ্গুল রাখিবে * হাল হকিকত তার হইবে মালুম। বুঝি তে পারিবে সব হাল বেলকুল * সক সোভা কিছুনাহি আনিবে দেলেতে। আনিলে সেরেক হবে লেখে কেতাবেতে * নাউজবেল্লা মেনহা পড় উপরে তাহার। লা এলাহা এল্লাল্লাহো মহাম্মদ রছু লল্লা পড আর *

* ভালেনামার ঘর এই *

হামাল ১	ছুর ২	জওজা ৩	ছারতান ৪
আছদ ৫	ছুম্বলা ৬	মিজান ৭	আকরব ৮
কুছ ৯	জদি ১০	দালো ১১	হুত ১২

* পহেলা ফাল হামল *

হামল ঘরেতে আঙ্গুল পড়িলে তাহার। তাহার তাবির এয়ছা জানো বেরাদার * আল্লা তালা ভাল তেরা আখেরে করিবে। জেনিয়ত আছে দেলে হাছেল হইবে * বাদসার কাছে জদি সেই জোন জায়। নিয়ামত দওলাত পাবে ফজলে খোদায় * কারু কাছে হাজত কিছু দেলে কিয়া জাবে। গেলে পরে হাজত তেরা পুরাজে হইবে * বদখাব দেখিলে ভালো হইবে তোমার। নেক লাডকা দিবে তুঝে পরওার দেগার * বাপ দাদার মিরাছের মাল জেপাইবে। কেতাবে কালাম এছা মালুক করিবে * চোরজনিমাল তেরা চুরি করিবেক। কিম্বা মাল আপে তেরা খোওা জাইবেক থোড়া দিন বাদে সেই মালজে তোমার। মেলাইয়া দিবে তুঝে পরওার দেগার * খেতি বাড়ি করিলে খুব হইবেক লাব। কারা গতি হাল তার হইবে সেতাব * আরজে দুস্মন তার হইবেক জের মকছেদ হাছেল হবে কেতাবে জেকের * তাবির শুনিয়া ভাইকহ ইনসা আল্লা। মকছেদ মুরাদ তার পুরাইবে আল্লা *

*দোছরা ফাল ছুর * ফালে জদি ছুর নাম আসিবে কাহার। তাহার নহিবে নেকি লেখে পরওার * এইফাল বড়নেক মালুম করিবে। মতলব হাছেল তেরা জরুর হইবে * আন্দেসা ফেকের তেরা হইবেক দুর। কবুল হইবে নেকি খোদার হুজুর * দুনিয়ার জত নেকি হাছেল হইবে। দুনিয়ার নেয়ামত বহুত পা ইবে * কুনচিজ তেরা জদি খোওাইয়া থাকে। থোড়া দিন বাদে আল্লা মেলাইবে তাকে * কোন কামের মছলেহাতে আসিবেক কেহো। ভালাই খুবির সাতে কাম হবে সেহ * খলকের কাছে সেই এর্জ্জত পাইবে। রোজগারে বরকত বহুত হইবে * জানের খএর তার রহিবে হামেসা। বিমারি ও জহমতের নাহিক আন্দে সা * দুস্মন রহিবে জের ফজলে খোদার। মুস্কিল আছান হবে হুকুমে তাহার * এগানা তোমার কেহো ছফরেতে গেলে। ছালা মতি সাতে সেই আসিবে জে চলে * এইফাল বড়া নেক সোন ভাই জানে। এনসা আল্লা তালা ফের কহিবে জোবানে *

জওজার থানাতে আঙ্গুল জাহার পড়িবে। এইফালে দেরি করা কামেতে জানিবে * থোড়া দিন দেরি করো তদ্দি দেখা জায়। ছদকা খয়রাত থোড়া করিবে আদায় * কাম করিবার অক্তে চিনিতে হইবে। দোস্ত ও দুস্মনে খুব পাছানিয়া লিবে * মাসের পহেলা তারিখে জবান আপনার। বন্দজে রাখিবে ভাই হইয়া হুসিয়ার * দেলের আহওাল কিছু কারেনা কহিবে। নজর আনা খানা থোড়া পাকাইয়া লিবে * পির ওলি পয়গম্বর নামে তাহাদের। খয়রাত করিবে ভাই ফকির খাতের * দুস্মন বুরাই তার করিতে চাহিবে। খোদার ফজলে কিছু করিতে নারিবে * আল্লা তালা তার পরে রহে মেহেরবান। তামাম বালাই হৈতে দিবেক আছান * কিন্তু তাকে লাজেম আছে হর কাম পরে। ছবর করিয়া কাম চাহি করিবারে * ভারি রোজ জায় জেনো ভার নেকলিয়া ভালাইর দিনতার পৌছিবে আসিয়া * এনসা আল্লা ভাই কহিবে জোবানে। সক সোভা কিছু নাহি আনিবেক মনে *

* চৌথা ফাল ছুরতান * ফালবিচে ছুরতান নেকলে জাহার। বড়ো নেক আছে ফাল হুকুমে খোদার * খাতের জমা থাকো তুমি ফাল তেরা ভালা। খুসি দিবে তেরা ঘরে জানো আল্লা তালা * দৌলত নেয়ামত খুব হইবে তোমার। দুস্মন হইবে জের ফজলে খোদার * বিমারিতে আরাম হইবে খোদার ফজলে হইবে নিয়েত পুরা জা রাখিবে দেলে * সাদি হবে তেরা ঘরে খোদার হুকুম। গায়েব আসিবে জলদি করিবে মালুম * ছফরেতে গেলে তেরা হইবে ভালাই। মোনাফা বহুত হবে সোন মেরা ভাই * আপনা দিনের কামে হুসিয়ার রবে। দুস্মনের ফেরেব হৈতে খবর রাখিবে * সুনিলে এ ফাল ভাই খেয়াল করিয়া। এন্‌সা আল্লা তালা কহো খোদাকে ভাবিয়া *

* পাঁচওা ফাল আছাদ *

আছাদ বুরুজ জদি ফালেতে আসিবে। ছায়েলের তরে তুমি এয় ছাই কহিবে * ফাল তেরা নেক ভাই কেতাব কহিলো। বদরোজ জতা ছিলো নেকলিয়া গেলো * এখন ছায়েত নেক পৌছিলো

তেরা হবে খোদার ফজলে। আন্দেসা ফেকের কিছু না রহিবে দেলে * দুনিয়ার সবকাম হাছেল হইবে। উজ্জ্বর দারাজ তেরা খোদায় করিবে * সাদি হবে ঘরে তেরা হইবে ফরজন্দ। এক বরছের বিচে হবে দৌলত মন্দ * মানুষের বিচে তেরা বাড়িবে এজ্জত। সকলের সাতে হবে বড়া মহব্বত * দেলেতে জখোন জেই এরাদা করিবে। খোদার ফজলে সেই হাছেল হইবে * কেহ জদি চাহে তোরে ফেলিতে মুস্কিলে। না পারিবে কদাচিত কোসেস করিলে * দুস্মন হইবে দোস্ত লেখে কেতাবেতে। এনসা আল্লাকহ আপন জোবানেতে *

* ৬ ফাল ছোম্বলা বোরজ *

ছোম্বলা বোরজ জদি ফালেতে আইল। আল্লা তালা কোরানেতে এয়ছা ফরমাইল * জানো আয় খোদাওন্দ ফাল থোড়া তোরে ছবর করিতে হবে আছেত খবরে * সাত রোজ বাদে তেরা হইবেক কাম। কেবল ভরসা রাখ এলাহির নাম * খোদাতালা পুরা তেরা করিবে মাকছদ। আপনি এলাহি আল্লা করিবে মদদ *

* ৭ ফাল মিজান বোরজ *

মিজান ফালেতে জদি আসিবে কাহার। মালুম হইবে এয়ছা খাতেরে তাহার * নেক মবারক আছে এই ফাল তেরা। খোদার ফজলে কাম তেরা হবে পুরা * দেলেতে নিয়ত জেই আপনা করিবে। খোদার ফজলে তেরা পুরা হৈয়া জাবে * ছফরেতে গেলে সেহ আসিবে ফিরিয়া। রঞ্জ মুছিবত হৈতে আসিবে বাঁচিয়া *

* ৮ ফাল আকরব বোরজ *

এই ফালবিচে এয়ছা মালুম হইল। থোড়াদিন বাদে তেরা হইবেক ভাল * কএকদিন ভারি আছে তেরা ছায়েতেতে। চাউল কলাই একসাতে হবে মেলাইতে * লাচার ফকির তরে দিবে বোলাইয়া আরজে দোওা কাদা লইবে পড়িয়া * দোওার বরকতে আল্লা করিবে ভালাই। সবকামে দোওা কাদা পড়া সবে চাই * জোরু খছমেতে মিল জদি নাহি থাকে। হামেসা বেজার মতো রাখে আপনাকে * দোওা কাদা পানি পরে পড়িয়া ফুকিবে। সেই পানি তার তরে পেলাইয়া দিবে * খোদার মরজিতে হবে সেই

তাবেদার। আরজদি জায় কেহ করিতে বেপার * ছহি ছালা
মতে সেই আসিয়া পৌঁছিবে। বিমারি হইতে সেই আরাম পাই
বে * আর তার জতো কাম আছে দুনিয়ার। আঞ্জাম হইবে
কাম ফজলে খোদার * * ৯ ফাল কুছ বোরজের *
এইফাল ভালহয় তোমার কারনে। একিন করিয়া বুঝ আপনার
মনে * জে নিয়ত দেল বিচে আছে ভাই জান। আঞ্জাম খুবির
সাতে করিবে ছোবহান * ছওদাগরিতে জাবে জদি কোন মুল্লু
কেতে। বহুত মোনাফা লিয়া আসিবে ঘরেতে * কিন্তু জে লাজেম
আছে কারনে তোমার। চেরাগ জ্বালাবে তুমি মছজেদ মাজার
আলবত্তা রোজগারে তেরা হইবে বরকত। মালুম হইল তেরা
ফালের হকিকত * * ১০ ফাল জদি বোরজের *
সোন ভাই কহি তুঝে ফালের আহওাল। মনহুস মালুম হয়
কেতাবের কাল * বড়া ভারি আছে তেরা ছেতারা নামের। না
দেখি ভালাই তেরা কেতাবে জেকের * খয়রাত করিলে থোড়া
খোদার রাহায়। তবেত মুস্কিল তেরা কাটিয়া জে জায় * দুস্মন
উপরে তুমি ফতে তবে পাবে। আর তেরা মতলব হাছেল হইবে
বিমার পড়িলে হবে ছেহেত হাছেল। ছালামতে ঘরেতুমি হইবে
দাখেল * * ১১ ফাল দলো বোরজের *
আয় খোদাওন্দ ফাল বড়া নছিব তোমার। খুসিহও দেলবিচে
সোন বেরাদর * আন্দেসা ফেকের তুমি দেলে না রাখিবে।
দুস্মন উপরে তেরা ফতে জে হইবে * তেজারতি কামবিচে পাই
বেক লাব। গুম কোনচিজ হৈলে পাইবে সেতাব * আর জদি জরু
খছমে মিল নাহিথাকে। তবেত লাজেম এহা করিতে তাহাকে
রোবিবার সোমবার দুই রোজ তারে। রোজা জে রাখিতে হবে
কহিল খবরে * সহদ আর সিরনি দিয়া খুলিবে রোজায়। মিল
হবে জোরু সঙ্গে হুকুমে খোদায় * মুস্কিল জতেক কাম হইবে
আছান। ফরমাইয়া দিলো এয়ছা আপনি ছোবহান *

* ১২ ফাল হুত বোরজ *

সোন ভাই দিনদার করিয়া খেয়াল। বড়া নেক নেকোলিলো এই

আছান হবে খোদার কালাম * বিমারি হইবে ভালো লেখে কেতাবেতে। গোলাম ভাগিয়া থাকে আসিবে ঘরেতে * এই তক ফালনামা হইল তামাম। আমিন২ বল জতেক এছলাম *

* কোরান সরিফের ফাল এই *

আলেফ : বে : তে : ছে : জিম : হে
খে : দাল : জাল : রে : জে
সিন : শিন : ছাদ ; জাদ , তোয়
জোয় : আএন , গাএন , ফে ; কাফ
কাপ , লাম : মিম , নু : ওাও ;
হে ; লাম আলেফ , হামজা ; এয়া।

সোন এবে বন্ধুগন করিয়া খেয়াল। বাঙ্গালায় লিখি এবে ফালের আহওাল * কোরান সরিফ বিচে জান এই আছে। জাহার মতলব হয় দেখ এরবিচে * পহেলা দরুদ পড় নবিজির নামে। পড়িলে দরুদ ভাই আসিবেক কামে * তারপরে খুলেভুমি কোরান আল্লার। পহেলা ছতর বিচে দেখ আরবার * কোন হরফ আগে আছে খেয়াল করিবে। তার পরে সাত ওরকউলটিয়া দিবে সাত সতর বাদ দিয়া দেখ নজরেতে। কোন হরফ লেখা আছে ছতর আগেতে * আলেফ আসিলে হবে বহুত ভালাই। নেকি ও ছওাব দিবে তাহাকে জে শাঁই * জেইকাম করিবেন আঞ্জাম পাইবে। দেলের মোরাদ তেরা পুরাজে হইবে * বে, হরফ আসে জদি ফালেতে তাহার। দৌলত হসমত হবে নছিবে ওহার তে; হরফ ফালে আসে তওবা করিবে। তারপরে আস্তাগ ফার পড়িয়া লইবে * ছদকা খয়রাত দেওা হইবে লাজেম। এয়ছাই

জদি নজরে দেখিবে। হরকাম হৈতে ভাই পরহেজ করিবে * তবেতো ভালাই তার লেখে কেতাবেতে। হে; হরফ ফাল বিচে দেখে নজরেতে * ফতেমন্দি লেখে তার নছিব উপরে। দওলত হোরমত হবে জানো বেরাদরে * খে; হরফ মেলে জদি ফালেতে জে ভাই। খওফ তাহার আছে জানের সদাই * ছদকা লাজেম হয় তাহার কারনে। জাহা পাবে থোড়াদিবে দেখিয়া মিছকিনে দাল হরফ ফাল বিচে আসিবে জাহার। বোজরগ নিকটে সেই হবে খাতাওার * খয়রাত করিয়া দিবে জাহাকিছু পাবে। খোদার ফজলে তার বালা কেটে জাবে * জাল, হরফ আসে জদি নজর করিলে। নেক মোবারক আছে তাহার কপালে * রে, হরফ মেলেজদি ফাল নামা বিচে। ছামনে আসিবে খুসি গম জাবে পিছে * জে, হরফ আসে জদি ফালেতে কাহার। উন্ধর দারাজ হবে কেতাবে আজকার * ছিন, হরফ আসে জদি ফাল নামার ঘরে। খুসিহালে রাখিবেক তারে পরওারে * সিন, হরফ আসে জদি এ ফাল নামায়। আন্দেসা না কিয়া থোড়া দেহ ছদকায় * ছাদ, হরফ দেখ জদি নজর বিচেতে। ছাদকা লাজেম হয় আদায় করিতে * জাদ, হরফ ফাল বিচে দেখ ভাইজান। ঐকামে পরহেজ থাকো জানহ সন্ধান * তবেতো মোরাদ তেরা হাছেল হইবে কোরানের ফাল এই বরকত জানিবে * তোএ, হরফ আসেভাই ফালের ভিতরে। মকছেদ হাছেল হবে সেই কামপরে * জোএ, হরফ আসে জদি ফালনামা বিচে। আঞ্জাম হইবে কাম এয়ছা লেখা আছে * আএন, হরফ আসে ফালের বিচেতে। বহুত দই সত আছে তাহার জানেতে * ফকিরে খয়রাত দিবে জানো ভাই জান। বালাই কাটিয়া জাবে হুকুম ছোবহান * গাএন, কাফ; ফালে জদি আসিবে কাহার। আন্দেসা হইতে দুর রহো বেরাদার * ফে কাফ আসে জদি ফালের ভিতরে। নেক মোবারক লেখে কেতাব মাঝারে * লাম; আসে তার জদি ফালের ভিতরে বড়ো নেকি আল্লা তালা দিবেক তাহারে * মিম, হরফ মেলে ভাই এই ফাল নামায়। আন্দেসা ফেকের কিছু নাহি করা জায় *

মোবারক আছে * ওাও, হে, আসে জদি ফালের ভিতর। নেক মোবারক আছে তাহার উপর * লাম আলেফ; আসে জদি ফালের বিচেতে। খয়রাত লাজেম হয় গরিবেরে দিতে * এয়্যা হরফ আসে জদি নজোর করিলে। আন্দেসা ফেকের তার দুরে জাবে চলে* খুসি খোসালিতে সদা রবে সেই জোন। দুখ দর্দ্দ তার পরে নাহবে কখন * কোরান সরিফের ফাল হইল তামাম ছালাম আলেক লিবে জতেক এছলাম *

** হামেলে কি ছেলে হইবে তাহার ফাল এই **

* ফালনামা আওরতের *

সোন জতো বেরাদর ফালের তাবির। আজমাইস করা চাই জাহার খাতির * এই সাত ঘরবিচে আঙ্গুল রাখিবে। পুসিদার হাল খুব জাহের হইবে * মরদের হক্কে নহে এই ফাল গোনা। আওরত হক্কেতে আছে জান সর্ব্বজনা * আওরত হামেল হৈলে লাজেম তাহায়। এইমত খানা বিচে নজর করায়* নজর করিয়া ফের আঙ্গুল রাখিবে। রাখিলে তাহার বিচে মালুম করিবে * বেটা বেটি হামেলেতে জা হইবে জার। ফালের বিচেতে

আপনা আঙ্গুল রাখো খানার মাজার * এখনি বয়ান করে কহিব তোমায়। জেই ঘরে রাখিবারে তেরা দেল চায় * আওরত সুনিয়া এয়ছা আঙ্গুল রাখিবে। কোন ঘরে আঙ্গুল রাখে নজরে দেখিবে * সমুছ ছেতারা আর মিরিখ ছেতরা। মোস্তরি ছেতারা জানো এইতিন তারা * এইতিন তারার ঘরেতে আঙ্গুল পড়িলে বেটা লাড়কা হবে তার কেতাবেতে বলে * নেক বক্ত জওয়ামর্দ্দ হবে নেক কার। আলেম ফাজেল হবে দুনিয়া মাজার * কমর আতারদ জোহরা যে তিন। এইঘরে হাত দিলে জানিবে একিন বেটি লাড়কি হবে তার হামেল বিচেতে। নেক বক্ত বড় আছে লেখে কেতাবেতে * জোহল ঘরেতে আঙ্গুল পড়ে জদি তার। কিছুনা মালুম হবে ছেলের আকার * বেটা বেটি কিছু নাহি মালুম হইবে। কেতাবের বাত এই একিন জানিবে *

আর একমত হিসাব এই জাহার হামেল হইবে তাহার নাম আর মাসের নামের হরফ ধরিয়া সাত২ বাদ দিয়া জাহা বাঁচিবে তাহার এইমত হিসাব দেখিয়া লইবেন *

৫৫ পাঁচের পিটে দিয়া পাঁচ। পেটের ছেলে গুনে সচ
নামে মাসে এক থোরে। ৭ দিয়া ৭ ভাগ কোরে
পাঁচ এক আর থাকে তিনো। তবে তার বেটা জানো
দুই চারি আর থাকে ছয়। আলবত্তা তার মেয়ে হয়
জদি সন্নি আর সাত আসে। তবে জান তার পেটখসে
এই কথাটি জদি ঝুট হয়। ছেলে তার বাপের নয়

* তওাল্লদ নামা বিমারির হাল *

ফরমালেন রছুলোল্লা হবিব আল্লার। খেয়াল করিয়া সোন জতো দিন দার * পয়দাসের হাল এই মালুম করিবে। আবজদ হিসাব ফের জানিয়া লইবে * বিমার হইল জেবা লেখো তার

হেসাব করিয়া। সাত সাত বাদ দিবে কেতাব দেখিয়া * তার পরে দেখো কয় অংস বাকি থাকে। কেতাবেতে জানো এয়ছা আলেমেতে লেখে * এক অংস থাকে জদি বাদ দিলে পরে। জোহল তারার আমল কেতাব মাজারে * সনিবারে জন্ম তার মালুম করিবে। বিমারির হাল এতে মালুম হইবে * হেছাবেতে দুই অংস থাকে জদি কার। সমস তারার এলাকা উপরে তাহার একসম্বা দিন হয় রবি বারে বলে। খেয়াল করিয়া ভাই বুঝিবে যে দেলে * হিসাব করিলে জদি তিন অংস রয়। কমর তারার আমল তার পরে হয় * সোম্বার বলে জানো তামাম জাহান। কেতাবে নর্জ্জুম লেখে এয়ছাই আনওান * চার অংস থাকে জদি হিসাব বিচেতে। মিরিখ ছেতারা জানো মঙ্গল রোজেতে * পাঁচ অংস রহে ভাই হেসাব করিলে। আতারদ তারাহয় বুধ বার বলে * হিসাব করিলে বাঁচে ছয় অঙ্কজার। মোস্তারি ছে-তারা থাকে আমলে তাহার * জোমারাতে আমল থাকে এঁজে তারার। লক্ষিবার বলে সবে বাঙ্গালা মাঝার * সাত অঙ্ক রহে জদি হিসাব করিতে। জোহরা ছেতারা আছে জানিবে দেলেতে স্বুক্রবার লেখেনাম কেতাব মাজার। তার পরে বিমারির স্বুন হাল আর* সনিবার দিনে জেই বিমার জেহয়। জোহল ছেতারা সাহি সেই রোজ পায় * তাহার ছুরত কালো শাঁপের মতন। কালা রঙ্গ ছোটা চক্ষু কোত্তা গরদন * পাঙ নাহি আছে তার এ ছেতারার। বড়ই মনহুছ তারা সাহির মাজার * আড়াই২ দিন কিয়া থাকে বোরজেতে। তাহার মকান আছে সপ্ত আকাসেতে ঐ রোজের বিমারি পাবে মুছিবত বডা। সাতদিন ভারি আছে কেতাবের ধারা * এরবিচে আরাম জদি নাহিক পাইবে। আদা মাহা বিমার সেহ পডিয়া রহিবে * বিমারির স্বুরু জান কেমন হইল। ময়দানে ফিরিতে সায়েদ গিয়া ছিলো * কিম্বা সাদি কামে কিম্বা মোলাকাত করিতে। গিয়াছিল সেই জায়গা নহছ অক্তেতে * সেইসমে ছায়া পড়ে জহোর দার দেএর। একরাত বাদে ডরে খাবের খাতের * ডরেতে বেকারার হয়ে ডরিয়া উঠিলো। ছিনা [illegible]

আর বোথার আসিবে। গায়ের পসোম খাড়া চোক বন্দরবে * ভুক না থাকিবে আর হইবে পেয়াছ। বিমারি না চেনাজাবে করিয়া যে খাছ* আল্লাতালা সাফাদিবে এলাজ করিলে। দিতে হবে ছাদকা তারে কেতাবেতে বলে * কালা রঙ্গ মোরগ আর কাগ এক কালা। কালো কলাই কালো কাপড় হুদহু কালা * এইসব নাহি জদি ছাদকা দিতে পারে। তবেতো হুকুম এয়ছা আছে তার তরে * এক পোওা আটার রুটি তৈয়ার করিয়া। পানির ও রওগন তাতে খুব লাগাইয়া * খায়রাত করিয়া দিবে রাহেতে খোদার। আল্লাতালা সাফাদিবে বিমারি তাহার * রোবিবার দিনে জেই বিমার হইল। সেইদিন সমুস তারা বাদ সাহি পাইল * একদিন বিমার হবে কিবা সাত দিন। এক মাহা রবে সেহি কেতাবে প্রবিন * আগাজ মরজ সোন কান লাগা ইয়া। গোছল করিয়া ছাহান খানায় বসিল জাইয়া * সেই অক্তে সাদা কোন চিজ খেয়ে ছিলো। খাবার সময় তারে আছর হইল দরিয়া পরি সাত বুন ছায়ের করিতে। নজোর পড়িল তায় সেই রাহা জাইতে * আলামত তার এই মালুম করিবে। বদন গরম ছেরে পেটে দর্দ্দ হবে * পিটহবে সক্ত আর কমর বাজু তার। দরদ করিবে এয়ছা জান সমাচার * কাপড়া পিন্দিতে তার খুসিনা লাগিবে। চোক্ষু লাল আপনার ছায়াতে ডরিবে * দেল বিচে ডর তার এয়ছাই হইবে। বদন হামেসা তার কাঁপিতে থাকিবে*খাব বিচে বদখাব দেখিবে বহুত। কেতাবেতে ছদকা দিতে লেখে এইমত * ছফেদ হুদহু পাখি মোরগ ছফেদ। মুর-গির আণ্ডা সাত ফুল ছফেদ * দরিয়ার কেনারাতে আসিবে ডালিয়া। আল্লা তালা সাফাদিবে তাহার লাগিয়া * সোমবার দিনে জেই বিমার হইবে। কমর ছেতারার বাদসাই জানিবে * সাত রোজ বিমার রবে কিম্বা সতরো দিন। বিমারির হাল সুন করিয়া একিন * হাওজের কেনারে কিম্বা কুণ্ডা কেনারাতে। কিম্বা সেই গিয়াছিলো দরক্ত নিচেতে * জাইতে আছিল দেও সেইত সমায়। পড়িয়া জে গেলো সেই তাহার ছায়ায় * ছেরে

[illegible] বদন তার কাঁপি[illegible]

তাহার। তামাম বদন তার কাঁপিবে আবার * রতুবত তামাম গায় পয়দা হইবে। খানা খেলে তারে কভু হজম নাহবে * আধ জরদ হবে তার না আসিবে ঘুম। ভাঙ্গিবে তামাম অঙ্গ করিবে মালুম * নরম হইবে পেট কেতাবেতে বলে। ছাদকা হইবেদিতে জানিবে সকলে * দুদ আর খানা আর মোরগ ছফেদ। রুই মাছ দিবে আর কাপড় ছফেদ * খয়রাত করিলে ভাল হবে সেইজন সাফাদিবে খোদাতালা তাহার কারন *

* পয়ার * মঙ্গল বারেতে জেই বিমার হইবে। সেদিন মিরিখ তারা বাদসা জানিবে। সতেরো রোজ বিমার সেই রহিবে পড়িয়া। কিম্বা জে চৌত্রিস রোজ লেহনা সুনিয়া * বিমার হইল কিসে সোন তার বাত। জোগনির ছায়াপড়ে জানিবে নেহাত * গোছল করিয়া আর আতর লাগাইয়া। ছহন খানায় সেই ছিলতো বসিয়া * জোগনির লস্কর সব সেই রাহা হৈতে। কোথায় জাইতে ছিলো সেইত রাহেতে * মনহুছির ছায়া পড়ে উপরে তাহার। আরাম হইবে সেই তাহার বিমার * বোখারেতে বেগাড় তার আসিয়া ধরিবে। মোরদার মতো হৈয়া আরাম পাইবে * সতেরো দিনের বিচে নাহয় আরাম। কমর পহলু দরদ ফের করিবে তামাম * ভুকনা হইবে আর পেয়াছ বাড়িবে। ঘুমনাহি কদাচিত তাহার আসিবে * এলাজ লাজেম হয় তাহার করিতে। নহেত পড়িবে সেই নোকছানি বিচেতে * ছাদকা উচিত হয় দিতেজে তাহায়। খোলাছা করিয়া কহি সোনহে সবায় * কলাই মোরগ লাল সাত ফুল লাল। আরজে সক্কর দিবে কেতাবের ফাল * আল্লা তালা সাফা দিবে তাহার কারোন। অধিন আবদুল্লা কহে ভাবিয়া ছোবহান * * ত্রিপদি *

বুদবারে জানো ভাই, আপনি এলাহি সাই; বাদসাহি ভার দেয় কারে। তারা জেই আতারদ; সাহি পায় বড়া বদ, মনহুস জানা চাই তারে * ঐ দিনে জেই জোন; বিমার হয় কদাচোন, চল্লিস দিন ডর তার আছে। বিমার হইল কিসে; সোন এবে তার দিসে, লেখা আছে কেতাবের বিচে * পহেলা গোছল কৈলে

কোন চিজসাদা থাইল, সেই অক্তে হইল নজর। দেও পরি জিন্নি আত; আছে কতো ভাঁতে ভাঁত; তাহাদের হইল আছর * জে লোক বিমার হবে; পেট তার বেথা কোরবে; কলেজাতে হইবে দরদ। তামাম বদনে তার; জালাহবে বেসোমার, জর তারে আসিবে বেহদ * খুলিতে না পারে চোখে; কথা কবে কড়া মুখে আছাড় কাছড় খাবে পোড়ে। মাথা গরম হবে তার, পেয়াছনা হবে আর, দরদ বেথা হবে তার হাড়ে * তামাম ওজুদ এয়ছা; সাল কাষ্ট তক্তা জেয়ছা; সক্ত হবে তেয়ছাই প্রকার। তাহার এগানা জেই, তাহাকে লাজেম এই; কালা রঙ্গ কোন চিজ লিয়া। খয়রাত করিয়া দিবে, বিমারি আরাম পাবে, লেহ ভাই এয়ছাই করিয়া নাইদিলে খয়রাত, পাবে বডা মুছিবত, ভারি আছে দিন কতো তার। পহেলা জে সাত দিনে, ভালো হয় সেই জোনে; নাহি জায় বিমারি তাহার * পোচিস রোজের দিনে; সাফাদিবে ছোব হানে; এতে জদি নাহবে আরাম। চাল্লিস দিন জানো কের; আসি দিন হেছাবের, এতে আরাম হইবে তামাম *

* গর্দ্দি * লক্কিবার দিনে মস্তরির আমল হয় সেই দিন জে জোন বিমার পড়িল তাহার পরে আঠ নয় রোজ বিমারি ভারি আছে। এই মিয়াদে জদি ভালো নাহয়। তবে সাতাইস রোজ বিমারি ভারি আছে * বিমারির সুক্ক গাছের নিচে গিয়াছিলো সেই থানে দেও জেনের ছায়্যা আর সেই অক্তে কালো ছুরত ভয়ঙ্কার তাহার সুমুখে আসিয়া ছিলো তাহাকে দেখিয়া ডরাইয়া চুপহইয়া রহিল। তামাম অজুদে দরদ আর হাড়ে দরদ হইবে * আর গিরা ২ ভাঙ্গিবে আর তামাম সরিরে দরদ পয়দা হইবে ঐ মরিজকে ছদকা দেওা লাজেম হয় *

* পয়ার * সুক্র বারেস্তে জদি বিমার কে হয়। সেদিন জোহরা তারা বাদসাহি পায় * তাহার ছায়েতের হাল সোন কহি ভাই। কেতাব কালাম থোডা সবাকে জানাই * তের দিন বিমার সেই রহিবেক মর্দ্দ। বেসিহেলে একমাহা জান তার [illegible] * এই মিয়াদের বিচে ডর থোড়া আছে। আরাম হইবে সেং

কোরিয়া লিখি করিবে খেয়াল * রাত কালে ময়দানেতে সেই গিয়া ছিল। পরি ও দেয়ের তারে নজর হইল * পহেলাতে জর এসে মাথা বেথা করে। কমর পহলুর বিচে দরদ তার ধরে * তামাম বদন ফের সক্ত তার হয়। রাত কালে ঘুমে সেই উরিয়া উঠয় * ছদকা লাজেম হয় তাহার উপর। আরাম পাইবে সেই জানো বেরাদর * ছফেদ মোরগ আর কাপড়া ছফেদ। দরিয়ার ধারেতে দেহ বিমারির ভেদ * আরাম হইবে সেই বিমারি জওান। তামাম হইল বাব সোন ভাই জান *

* * নামের মাসের অক্ষরের হিসাব * *

বৈসাখ মা মেস রাস অ ল	জৈষ্ঠী মাস ব্রস রাস এ, ই, উ; ব;	আসাড় মাস মিথুন রাস ক ছ
শ্রাবন মাহা করকট রাস ড হ	ভাদ্র মাস সিঙ্গি রাস ম ঠ	আশ্বিন মাস কন্যা রাসি প, থ, ট
কাত্তিক মাস তুলারাসি র ত	অঘ্রান মাস বিছা রাসি ন জ	পৌস মাস ধনু রাস ধ; ফ; ঢ; ভ;
মাগ মাস মকর রাসি থ ষ	ফাগুন মাস কুম্ভু রাস স গ	চৈত্র মাস মিন রাস দ; চ; ঝ;

আলি বক্স নাম কারু কিবা লক্ষু হয়। অ; ল, এই হরফ জার নামের অগ্রেরয় * মেস রাস হবে জান সেইত লোকের। বৈসাক মাসেতে অঙ্ক হেসাবে জেকের *

ইছফ, উস্কর; কিবা বছিরুদ্দি নাম। এলাহি বকস হইলে না

আসে এসব অক্ষর। সেইসব লোক হৈলো জৈষ্টি মাসে পয়দা। বৃস রাস হবে তার কেতাবের ওয়াদা *

কছিমদ্দিন; নাম কিবা করিম বক্স নাম। ছমিরদ্দিন; নাম হয় কিবা ছাবু; নাম * ক; ছ; এই দুহরফ হৈতে হয়। নামের পহেলা হরফ জাহাদের রয় * মিথুন রাস হবে তার কেতাবে খবর। আসাড় মাসে জন্ম তার জান বেরাদর *

হোসেন আলি হোছেন বক্স হাছনু জান। কিবা জে হইবে নাম কাহারু ডোমন * এই হরফেতে নাম জাহাদের হবে। নামের আগেতে এই হরফ আসিবে * করকট রাসি হবে সেহিতো জওান। শ্রাবন মাহার জর্ন্ম জানহ সন্ধান *

মঙ্গলি মোগলখাঁ মনিরদ্দিন। ঠাকুর লালা ঠাকুর দাস ঠাকুরিন এই হরফেতে হবে নাম জাহাদের। সিঙ্গি রাসি হবে তারা কেতাবে জেকের * ভাদ্র মাহার জন্ম তাহাদের জান। কেতাব কালাম এই একিনেতে সোন *

পানাউল্লা পির বকস আর পিরখান। থানু সেখ থানু মুল্লা আর থানু খান * টেনি খান ও টুনুমির এইমত কত। প, থ, ট; এহরফেতে জত * এইসব হরফ হৈলে নামের আগেতে। পয়দা হইল তারা আস্বিন মাহাতে * কন্যা রাসি হইবেক সেইত লোকের। তহকিক জানো ভাই কেতাবে জেকের *

রমজান আলি রমজান আর রেয়াজ আলি। তালেব হোছেন তমিজর্দ্দি তালেব আলি * র, ত, এদুহরফে জতো নাম হবে। জাদের নামের আগে এহরফ আসিবে * কাত্তিক মাহার জর্ন্ম হইল তাহার। তুলা রাসি সেই হবে কেতাবে আক্কার *

নজিবুল্লা, নুরখান; আর নুর আলি। জমিরুদ্দিন, জুলফু খান আর জমির আলি * ন, জ; এহরফেতে হয় নাম জতো। বিছা রাসি লেখাজায় কেতাবের মতো * অগ্রাহান মাহারজন্ম সেই লোক দের। সক সোভা কিছু নাহি জানহ তাদের *

ধন্নুমির ধনাই মল্লিক আর ফত্তুখান। ঢলাই সর্দ্দার নাম আর ভাডু খান * ধ, ফ, ঢ; ভ, এই হরফ চার। এছাই হইবে নাম

মাহার জন্ম জান সর্ব্ব জোন *
জাহার হইবে নাম খলিল রহমান। কিরাজে হইবে নাম জার খেতুখান * ঘমণ্ডি হইবে নাম কিবা ঘনসাম। খ; ঘ; হরফেতে হবে জতো নাম * মকর রাসি লেখাজায় ঐ নামের রাস। মাগ মাহার বিচে তার হইল পয়দাস *
সের আলি সেরখান মহাম্মদ সকুর। গেয়াছদ্দিন গৌছু মহাম্মদ গফুর। স; গ, এই দুই হরফেতে। আসিবেক জাহাদের নামের আগেতে * কুম্ভরাসি লেখাজায় সেই সবাকার। ফাগুন মাহায় পয়দাস হইল তাহার *
দিনদার দিনুসেখ দিন মহাম্মদ। চাঁদখান চুনুসেখ চান্দ মহাম্মদ ঝঙ্কনখান ঝিণ্ড মির নাম জার হয়। দ, চ; ঝ, এই হরফ জার নামের আগে রয় *এই হরফেতে জত সবনাম হবে। চৈত্র মাহার জন্ম মিন রাস জানিবে * মরদের রাস বাব হইল তামাম * আওরতের রাসের হাল সোনহ এছলাম *

* * আওরতের রাসের হিসাব * *

আলিমন লতিফন জার নাম হবে। মেস রাসে জন্ম তার জানো ভাইসবে * বছিরন এতিমন জার হবে নাম। বৃস রাস লেখা আছে কেতাবে তামাম * করিমন কোলছুম নাম কি ছবিরন। কিবাজে হইবে নাম কাজ্জ ছাবুজান * মিথুন রাসি হবে সেই নামের আওরত। ঐ সব হরফেতে জানহো তাবত * হ, হরফেতে নাম হইবে জাহার। করকট রাসিবিচে জন্ম হইবেক তাহার * ম, হরফেতে আছে জার নাম। সিঙ্গি রাসি সে আওরত জানহ এছলাম * প অক্ষরেতে নাম হইল জাহার। কন্যা রাসি সে আওরত জান বেরাদর * মরদের জে হরফেতে হৈলো জেই রাস। সেই মতে আওরতের সে হরফের রাস * সেইমাসে জন্ম আর সেই রাস আছে। এক জাররা ফরক নাহি আছে এর বিচে * রাসের হিসাব জত হইল তামাম। আমিন২ বল জতেক এছলাম *

* রাসির আবাজাদের হিসাব *

অর্থাত ক; খ, গ: ঘ; প্রিতি অক্ষরের কতো অঙ্কহয় তাহা মালুম করিবার জন্যে এইঘরে লেখা গেল হিসাব করিয়া লইবেন *

ক ২১	খ ২২	গ ২৩	ঘ ২৪	ঙ ২৫
চ ৩১	ছ ৩২	জ ৩৩	ঝ ৩৪	ঞ ৩৫
ট ৪১	ঠ ৪২	ড ৪৩	ঢ ৪৪	ণ ৪৫
ত ৫১	থ ৫২	দ ৫৩	ধ ৫৪	ন ৫৫
প ৬১	ফ ৬২	ব ৬৩	ভ ৬৪	ম ৬৫
র ৭১	ল ৭২	স ৭৩	হ ৭৪	ক্ষ ৭৫
অ ৭১	এ ২৫	ই ৩৫	উ ৩৫	ড ৪৩

আওরত কিম্বা মরদ আপনার পয়দাসের রাস আর আপনার রাসভুলিয়া জদি জায় আর মালুম করিতে জদি এরাদা থাকে তবে আপনার নাম আর আপনার মায়ের নাম এই দুই নামকে লিখিবেক পরে দেখিবেক জে কতো হরফ হইল এবং কোন২ হরফ নামের হইল। পরে ঐ আবাজাদের ঘরে জে জে হরফের জত২ অঙ্ক লেখা আছে নামের প্রিতি হরফে ঐসব অঙ্ক লেখিয়া তেরিজেতে ঠিক দিয়া লিবে পরে দেখিবে কতো অঙ্ক হৈলো তাহা হৈতে ১২ বারো অঙ্ক করিয়া বাদ দিতে থাকিবে। বাদ দিতে দিতে জদি এক অঙ্ক বেঁচে থাকে তবে মালুম করিবে জে বৈসাখ মাহার পয়দাস * আর মেস রাস হইবে *

আর জদি ২ দুই অঙ্ক থাকে জৈষ্ট মাহার পয়দাস বৃস রাস * আরজদি ৩ তিন অঙ্ক থাকে মিথুন রাসি আসাড় মাহার পয়

[illegible] ৪ চার অঙ্ক বাঁচেতবে করকট রাস

শ্রবন মাহার পয়দাস জানিবে * ৫ পাঁচ অঙ্ক থাকিলে ভাদ্রমাহার পয়দাস সিঙ্গি রাস * ৬ ছয় অঙ্ক থাকে জদি কন্যা রাস আশ্বিন মাহার পয়দাস * ৭ সাত অঙ্ক থাকে কাত্তিক মাহার পয়দাস তুলারাসি হইবে * ৮ আট বাচিলে বিছা রাসি অগ্রান মাহার পয়দাস জানিবে * ৯ নয় অঙ্ক থাকে জদি ধনুরাসি পৌস মাহার পয়দাস মালুম করিবে * ১০ দস অঙ্ক থাকে জদি মকর রাসি মাগ মাহার পয়দাস জানিবে * ১১ অঙ্ক বাঁচেজদি কুম্ভরাস ফালগুন মাহার পয়দাস জানিবে * ১২ বারো অঙ্ক বেঁচেরয় মিনরাসি চৈত্র মাহার পয়দাস মালুম করিবে * এই মত হিসাব করিয়া দেখিলে পয়দাসের মাহা আর রাসের হিসাব মালুম হইয়া জাইবে *

* বেচা কিনার ভাল মন্দর বয়ান *

কেহুজদি পোছে তোমায় এইজে সন্দান। ঠিক কোরে বাতাইবে আমার কারোন * এই জিনিস কিনে আমি তেজারতে জাবো। কহো এতে নোকছানি কিলাব এতে পাবো * ছাএলের নাম আর জিনিসের নাম। এক জাগায় জমাকরো এই দুই নাম * আবজাদের হেছাবেতে আদদ তাহার। কতো অংস হয় দেখো হিসাব মাঝার * তিন অংস কিয়া তার বাদ জেই দিবে। তার পরে জাহা বাচে গণ্ডর করিবে * এক অংস থাকে জদি হিসাব বিচেতে। মোনাফা না পাবে ভাই জান তেজারতে * দুই অংস বাঁচে জদি হেছাব করিলে। মোনাফা বহুত পাবে কেতাবেতে বলে * তিনজদি বাঁচে কার ডর আছে তায়। চুরি ও নোকছানি হবে জাইতে রাহায় * হুসিয়ারে থাকা চাই তোমার কারনে * হেছাবেতে এহা কহে সোন ভাই জানে *

কেহো জদি পোছে তোমায় কহো হজরত। মাল গুম হইয়াছে এই মুছিবত * মিলিবে কি নাহি সেই জিনিস আমার। কহিবে কি লেখা আছে কেতাব মাঝার * ছায়েলের নাম আর রোজের জেনাম। জমাকিয়া আদোদ তার লিখিবে তামাম * আবজা

এক অংস থাকে জদি না মিলিবেক মাল। দুই অংস বাঁচে মাল পাইবে হামে হাল * তিন অংস থাকে জদি করিবে তমিজ। দেখিতে সেমাল হাত লাগিবে আজিজ *

ছওাল করে এসে জদি তোরে কোন জোন। বয়্যান করিয়া কবে আমার কারন * এইজে আওরত আছে আমার ঘরেতে। হামেল দার আছে এই চাহিজে জানিতে * আওরতের নাম আর দিনের নাম। তাহার আদোদ জমা করিবে তামাম * দুই অংস কিয়া বাদ দিবে তাহা হৈতে। জাবাঁচে তার বিচে দেখো নজরেতে এক অংস বাঁচে জদি পেট নাহি তার। দুই অংস বাঁচিলে জান পেট আছে তার *

কেহ এসে পোছে জদি তোমার খাতেরে। গাএব হইলো চিজ কহিবে আমারে * ফিরিয়া পাইব চিজ কিবা পাব নাহি। বয়ান করিয়া মিয়া বাতাইবে ছহি * ছাএলের কথা সুনে কহো বোঝা ইয়া। আবাজাদ হিসাব ফের লিবেজে করিয়া * তিন২ কিয়া বাদ দিবে আদদেতে। এক আদোত থাকিলে আসিবে ঘরেতে দুই আদোদ থাকে জদি গাএব না আসিবে। তিন অংস থাকে জদি মালুম করিবে * রাহের বিচেতে জান সেহি জোন আছে। নজদিক সেই জোন আসিয়া জে পোছে *

আসিয়া তোমার তরে পোছে কোন জোন। জোরু তথছম বিচে আগে কোন জোন * মরিয়া জাইবে বলো মোরে বুঝাইয়া সুনিয়া তাহার তরে দিবে বাতাইয়া * জোরু খছমের নাম লিখিয়া লইবে। ঐ রোজের নাম লিখিতে হইবে * তিন নামের আদদ ফের করিবে বাহের। দুই২ বাদ দিবে কেতাবে জেকের এক জদি থাকে তার মরদ মরিবে। দুই জদি থাকে ভাই আও রত জানিবে *

* জোরু খছমের মধ্যে আগে পিছে কে মরিবে তাহার পরিক্ষা *

জোরু খছমের নামের অক্ষরকে দুনা ও আকার একার হোস্বু দ ঘুঐকার ইত্যাদিকে চৌগুনা ধরিয়া হিসাবেজত হয় তাহাকে তিন দিয়া হরন করিলে এক কিম্বা সান্ন

* পয়ার * কেহ জদি এসে ভাই পোছে জে তোমায়। এক জোন ভাগিয়াছে বাতাবে আমায় * কোন তর ফেতে গেছে কহো ভাই জান। কেতাব দেখিয়া মোরে বাতাবে সন্ধান * সুনিয়া ছায়েলের কথা পুছিবে তাহায়। জানে ওলার নাম কিবা কহিবে আমায় * গাএবের নাম আর রোজের জে নাম আদদ দোহার জমা করিবে তামাম * চার অংস বাদ করে দিবে জে তাহায়। হেসাবেতে এক অংস বাকি জদি রয় * পুর্ব্ব তর ফেতে গেছে মালুম করিবে। দুই অংস বাচেজদি এছাই জানিবে পাচ্ছিম তরফে গেছে জানো ভাই জান। তিন জদি বাচে ভাই এয়ছাই প্রমান * উত্তর তরফে গেছে কেতাবে খবর। চার জদি বাচে গেছে দক্ষিনের ওর * কেহ জদি পোছে এসে আমার ফরজন্দ। ভালো হবে কিবা মন্দ বাতাবে এখন * ছায়েলের নাম আর রোজের যে নাম * আদদ নামের জমা করিবে তামাম * দুই২ বাদ দিয়া দেখিবে নজরে। এইতো হেছাব জদি কহিবে তাহারে * এক অংস থাকে তবে জানিবে এমন। নেক মোবারক হবে সেই ফরজন্দ * কিন্তু যে মরিয়া জাবে নাহিক বাঁচিবে। দুই অংস থাকিলে ছেলে বদ হবে * বিমার আসিয়া পোছে তোমার কারনে। বিমারের হাল ফের কহিবে এখনে * কিসের ছববে এয়ছা হইল আজার। বয়ান করিয়া দেহো হৈয়া খবর দার * বিমারির নাম আর রোজের জে নাম। তাহার আদদ ভাই লইবে তামাম * চার২ কিয়া আদদ বাদ দেওা চাই। এক জদি বাচিকেব গরমির জানাচাই * দুই জদি বাঁচে বলগম খুনের ফছাদ। তিনবাচে বিমারি ছরদির বিবাদ * চার আদদ বাচে জদি বিমারি জাদুর। দোওা ও তাবিজ ভাই করিবে জরুর তার পরে পোছে ফের ঐত বিমার। আরাম হইবে মেরা এই জে আজার * বিমারির নাম আর দিনের জে নাম। দোহার আদদ ভাই লইবে তামাম * তিন২ বাদ দিবে আদদ হইতে। হেছাবেতে দেখা চাই খুব নজরেতে * এক জদি থাকে ভাই বিমার মরিবে। দু আদদ বাচিলে জানো আরাম পাইবে *

কদাচিত্ত বাচে তিন আদদ মাঝার। বিমারি বহুত ভারি উপরে তাহার * দেরিতে আরাম হবে জানো ভাইজান। আল্লা তালা করিবেক বিমার আছান *

* গর্দ্দি *

কেহুজদি পোছে তোমায় মোছা ফেরিতে জাবো। ভালো কি মন্দ তহকিক করিয়া আমায় কহিবে; ছায়েলের নাম আর ঐ রোজের নাম জমা করিয়া আদদ নেকালিয়া দুই অংস বাদ দিয়া দেখিবেন * এক জদি বাচে মন্দ জানিবে। দুই জদি বাচে মোনাফার সাতে ঘরে আসিবে *

কেহু পোছে মাল চুরি হইয়াছে কে চুরি করিল বাতাইয়া দিবে পুছনে ওালার নাম আর ঐ রোজের নাম জমা করিয়া আদদ নেকালিবে। আর তাহার উপরে সাত আদদ বেসি করিয়া একা স্তর মিলাইয়া তিন তিন তাহা হৈতে বাদদিবে। এক জদি বাচে পাড়ার লোক চুরি করিয়াছে। দুই বাচিলে ঘরের লোক চুরি কৈল তিন থাকিলে বেগানা লোক চুরি করিয়াছে * আর জদি পুছে চোর আওরত কিমরদ পুছনে ওালার নাম আর ঐ রোজের নাম এক জাগা জমা করিয়া আদদ নেকালিয়া দুই২ বাদ দিবে এক থাকিলে মরদ হইবে দুই থাকিলে আওরত চোর জানিবে *

* ঘর বানাই বার ও ঘরে জাইবার বয়ান *

পহেলা কাত্তিক মাসে ঘর বানাইবে। কিম্বা আর কোন ঘরে উঠিয়া জাইবে* মালতার নোকছান হইবে তখন। লাজেম নাহয় তারে সেকাম করন * পহেলা আশ্বিন মাসে বানাইলে ঘর। দওলত তাহারে দিবে পাক পরওার* পোস মাসের পহেলাতে ঘর বানাইলে। কিম্বা আর কোন ঘর বিচে গেলে * মাল তার চুরিহবে কেতাবে খবর। পহেলা মাগেতে জানো বানাইলে ঘর আগুন লাগিয়া তার পুড়িবে তামাম। নারহিবে কোনচিজ জান থাহ আম*পহেলা ফালগুনে ঘর বানাবে যে জোন। কিবা আর কোন ঘরে করিলে গমন * লাড়কা বহুত হবে খোদার ফজলে। এয়ছাই কালাম জানো কেতাবেতে বলে * পহেলা চৈত্র মাসে ঘর বানাইলে। কিম্বা আর কোন ঘরবিচেতে যে গেলে* আন্দেসা

হইয়া * পহেলা বৈসাখে ঘর বানাবে জেজন। দৌলত হইবে তার সোন সর্ব্বজন * পহেলা জৈষ্ঠীতে ঘর বানাইবে ভাই। কিম্বা অন্য ঘরে জাও তারে নাহি চাই * বিমারি আসিয়া তারে ঘিরিয়া লইবে বড় পেরেসান মর্দ্দ হইয়া জাইবে * পহেলা আসাড় মাসে ঘর বানাইলে। কিম্বা আর কুনো ঘরের বিচেতে গেলে * জানের খওফ আছে মরিয়া জাইতে । কেবল ভরসা আছে ঐ পাকজাতে * শ্রাবন মাসেতে জানো পহেলা তারিখে। ঘর বানাইলে এয়ছা কেতাবেতে লেখে * কিম্বা আর কোন ঘরবিচে জদি জায়। মাল তারে বহুতর দিবেক খোদায় * পহেলা ভাদ্রমাসে ঘর বানাইলে কিম্বা আর কোন ঘরের বিচে গেলে * নোকছানি মালের হবে কেতাবে খবর। এই কাম হৈতে ভাই করিবে ছবর * পহেলা আশ্বিন মাসে ঘর বানাইলে। কিম্বা আর কোন ঘরের বিচে গেলে ঝগড়া ফছাদ হবে ঘরেতে তাহার। মুছিবতে রহিবেক সেই গেরেপ্তার * এসব তারিখ পরে করিয়া আমল। দুনিয়ার কাম ভাই করিবে সকল * তবেতো ভালাই পাবে কেতাবে বাতায়। ভালা বুরা সব করে আপনি খোদায় *

* কুন২ দিনে ঘর বানাইতে নিসেদ তাহার বয়ান *

ঘরের বুনিয়াদ করা সনিবার দিনে। কিম্বা অন্য কোন ঘরে জায় কোন জনে * মাল আছবাব তার বহুত হইবে। আল্লা তালা এনা এত তাহারে করিবে * রবিবারে বানাইলে বালাতে পড়িবে। কিম্বা আর ঘরে গেলে এয়ছাই জানিবে * সোমবার দিনে কেহ ঘর বানাইবে * বেটি লাড়কি তার ঘরে পয়দাস পাইবে * মঙ্গল বারেতে ঘর বানায় জেজোন। মওত নজদিকে আছে তাহার কারন * বুধবারে ঘর জেবা করিবে তৈয়ার। পুড়িবে সে ঘর জান খাতেরে তাহার * লক্ষিবারে জেই জন ঘর বানাইবে। দিন দুনিয়ার কাম হাছেল হইবে * জুম্মার রোজেতে জেই বানাবে মকান বহুত দওলত দিবে তাহারে ছোবহান * দিনের বয়ান এবে হইল তামাম। হাজামত বানাবার সুনহ কালাম *

* হাজামত বানাইবার বয়ান *

যে মেলে * সনি বারে বানাইলে মনহুছি ঘিরিবে। তঙ্গ দস্তি পেরেসানি আসিয়া ধরিবে* রবিবারে বানাইলে ডর আছেতায় জহমত নোক ছানি বিচে পড়িয়া জেজায় * সোম্বারে বানাইলে ভানিতে হইবে। দুস্মন হইতে ভাই তাফাত রহিবে * মঙ্গল বারেতে জদি কামায় কোন জোন। ভাল কাম নাহি তার হবে কদাচন * বুধবারে কামাইলে মালুম করিবে। নোকছানির বিচে তারে পড়িতে হইবে * লক্ষিবারে হাজামত করে জেই জোন। ফকির থাকিলে গনি করিবে ছোবহান *

* মহরমে চান্দ জেবারেহয় তাহার ভালা বুরার বয়ান *

রবিবারে হয় জদি চান্দ মহরমের। গোরু বকরি সেই সালে জক্ষহবে ঢের * পানি বরসিবে আর পড়িবে পাথর। ধানচাউল গোম আদি হবে বহুতর * ছওদাগর নাফা পাবে বেপারেতে গিয়া। আগুন লাগিয়া ঘরজাইবে জলিয়া* বাতাস চলিবে জোরে তুফানের মতো। বিমার হইয়া লোক মরিবেক কত * রোজগার হইবে থোড়া খরচ বহুত। এইসব হাল জান কেতাবের মত *

* সোম্বারে মহরমের চান্দ দেখিবার বয়ান *

সোম্বারে চান্দ হৈলে সেই বরছেতে। কোন জাগায় হবে পানি আন্দাজির মতে * সেখানে ফছল ভালো হবে সেই সনে। কত জাগা সুখা রবে পানির বিহনে* বাজে জাগা বিচে পানি হইবে এমন। ফছল আদি ডুবে জাবে তাহাতে তামাম * কুনু২ জাগা বিচে কহত পড়িবে। কুনু জাগাবিচে খুব আরজানি হইবে * ধুপের তাপেস হবে বড়া জোরওার। ফল পাকড়িবে সেই সালে বে সোমার * মিঠাইবে মেওাজাত মজা হবে কম। আলম তামাম হবে দরহম বরহম * দুই সাহা বিচে বড়া হইবে লড়াই। রোজগার হইবে বেসি খরচ থোড়াই *

* মঙ্গল বারে মহরমের চান্দ উঠিবার বয়ান *

মঙ্গল বারেতে জদি চান্দ দেখা জায়। কাটা কাটি মারা মারি হবে দুসাহায়* বেয়ান্দাজ পানি সেই সালে বরসিয়া। ধানয়াদি গোমসব জাবেক ভাঁসিয়া* গেরানি হইবে বড়া তামাম দেসেতে

ঘর বাড়ি। ঝড়িও তুফান হবে সেইসমে ভারি * ফছল আদি সেই সালে জা কিছু হইবে। আকাসের ওলা পড়ে খারাব হইবে *

* বুদ বারে মহরমের চান্দ দেখিবার বয়ান *

বুদবারে চান্দ হৈলে সেই বরছেতে। পানি বরসিবে খুব আন্দাজের সাতে * ধান চাউল গোম আদি হবে বেহেছাব। ডুনিয়ার চাস বাস নাহবে খারাব * রাএত উপরে রবে হাকেম মেহের বান। আনাজের ভাও রবে একোই সোমান * কিন্তু জে পার্থর পোড়ে মরিবে জানওার। বিমারিতে লোক বড়া হবে গেরেফতার * চারপায়া জানওার হবে বহুতোর। রাত হানা দিয়া মাল লইবেক চোর * রোজগার জেমন হবে খরচ তেয়ছাই। কেতাবেতে লেখা আছে এইমত ভাই *

* জোমেরাতে মহরমের চান্দ দেখিবার বয়ান *

জমেরাতে হৈলে চান্দ বেসি পানি হবে। ফছল আদি সেইসালে সস্তা বিকিবে * ছওদাগর মোনাফা পাবে করিলে বেপার। নানা জাতি মেওা হবে বড়া মজাদার * আগুনের জোর হবে দেসেতে তামাম। ছফরেতে গেলে বড়া পাইবে আরাম * বাপ বেটা বিচে হবে বড়ই বিবাদ। জানওার হইতে হবে জঙ্গল আবাদ * বিমারির বিচে লোক বহুত মরিবে। কেতাব কালাম এই সকলেজানিবে *

* জুম্মার দিনে মহরমের চান্দ দেখিবার বয়ান *

জুম্মার দিনেতে চান্দ হৈলে মোহরমের। লড়াই ঝগড়া হবে ঘরে সকলের * বাপ বেটা ভাই বুন সকলের সাতে। বেগাড় হইয়া জাবে থোড়াই বাতেতে * পানি বিনা লোক সবে হবে পেরেসান। অসময় পানি হবে আসিবেক বান * বাজে২ জাগা বিচে হইবে আরজান। বহুত বিকিবে সস্তা খাবার ছামান * জেয়াদা হইবে জাড়া সেইতো সালেতে। বে এনছাফ কার বার হবে জাহানেতে * জেকিছু খাইবে জাহা হজম নাহবে। লোকের নিয়ত বদ হইয়া জাইবে * হারাম রোজগার বিচে হবে গেরেফতার। নোকছান পাইবে গেলে করিতে বেপার * রোজগার হবে জতো খরচ তেয়ছাই। কেতাব কালাম এই সুন সবে ভাই *

* সনিবারে মহরমের চান্দ দেখিবার বয়ান *

সনিবারে চান্দ হৈলে সোন সোমাচার। আন্দেসা ফেকেরে লোক হবে গেরেফতার * দুই সাহা বিচে বড়া হবে খুন রেজ। রায়েত এনছাফ বিনে হইবে আজেজ* ছওদাগর মোনাফা পাবে থোড়া তেজারতে। ধান গোম হবে কোম খেতের বিচেতে * কেবল তরকারি হবে বিকিবে আরজান। পানি বরসিবে আর হইবে তুফান * পাথর গিরিবে বেসি জাড়া হবে ভারি। বিজলি পাড়িবে জোরে দুই চারি বারি * ভুমি কম্প হবে সেই সালের মাঝার। হইবেক বহুতর সোন সমাচার * চান্দের তাবির এবে হইল তামাম। গুনের হাল থোড়া সোনহ্ এছলাম *

* চান্দ শুরুজে গহন লাগিবার খাছিএত *

রাওএতে আছে জান আলি সাহা হৈতে। পুছিলেন একদিন নবি জোনাবেতে * কহিলেন নুর নবি রছুল খোদার। পেরেসান আছে এতে খাতির আমার * চান্দ ও সুরুজ বিচে লাগেজে গহন। খাছিএত কিবা রাখে বাতাবে এখোন * সুনিয়া আলির মুখে নবি নামদার। বাতাইয়া দেন ফের এয়ছাই প্রকার * সুনহ আল্লার সের কহি বোঝাইয়া। গোনার ছববে লাগে লেহোনা সুনিয়া * মানুসেরা করে গোনা নিডর হইয়া। ভালা বুঝে দেল বিচে গরুরি করিয়া * আল্লা তালা এহাদেরে মানা করিতেছে। বাজ থাকিতে জত গোনার কাম আছে * আর যে সরম করো দেলের মাঝারি। নহেত দোজখ বিচে হবে ছার খার * সুনিয়া হজরত আলি পোছে নবি জিকে। কিসেতে হইবে ভাল কহিবে আমাকে * কহিতে লাগেন নবি এয়ছা বুজাইয়া। গওর করিয়া কথা লেহনা সুনিয়া * জখন গুহন লাগে চান্দ সুরুজেতে। সেই ওক্তে এই কামলাজেম করিতে * ওজু ও গোছল করে পাকছাফ হবে। তার পরে লেবাছ পাকিজা পিন্দিবে * আপনা গোনার পরে খেয়াল করিবে। খোদার তরফে খুব দেল লাগাইবে * নামাজ পড়িবে সবে একিন দেলেতে। মোনাজাত করো ফের ছেদেক দেলেতে * আল্লা তালা পাক জাত তুমি বে নেয়াজ। জানিতেছ ঠিক তুমি দেলের জেয়াজ * এই বান্দা গোনাগার দরগায়। কাজুর হইয়া এবে গোনা মাফিচায় * গুনা মাফ

দেহো কোরে ওহে পাক শাঁই। তোমাবিনে গোনা গারের গতি দেখিনাই * সুনিলে হজরত আলি জা কহিনু আমি। খবর দার কোরে দেহো সকলেরে তুমি * তার পরে কহিলেন হজরত এমন। খেয়াল করিয়া সোন এর বিবারন *

* জেলকাদ মাসে গুহন লাগার হাল *

১৩ তারিখ বিচে জেলকাদ মাসেতে। গুহন লাগিলে চান্দে জান সকলেতে * পানি বরসিবে খুব সমায় বুঝিয়া। ফছলেতে খেত খোলা জাইবে ভোরিয়া * ধান চাউল গোম আদি হবে বহুতরে। খাবার তকলিফ নাহি রবে লোক পরে * ভুমি কম্প হবে আর ঐ সাল বিচে। এয়ছাই খবর আছে কেতাবের বিচে ১৪। ১৫ তারিখে জদি লাগিবে গুহন। ঐ সালে দেসে২ হইবে মরন * হবেকে হায়জার রোগ আরাম নাহবে। ঐ বিমারিতে লোক বহুত মরিবে *

* জেলহেজ মাসে চান্দে গুহন লাগার হাল *

১৩ তারিখে চান্দে ঘুহন লাগিবে। সেই সালে ফসল আদি খুব পয়দা হবে * আরজানি হইবে বড়া নারবে গেরানি। ফরা গতে রবে লোক কেতাবের বানি * ঘরে ঘরে লোক জত রহিবে খোসাল। খুসি হালে গোজরিয়া জাবে সেই সাল * ১৪ চৌদা তারিখে গহন লাগে ভাই জদি। পানি বিনে জলে জাবে জতো ফছল আদি * আকাল হইবে বড়া খানা না মিলিবে। সালের আখেরে ফের তুফান আসিবে * তাহাতে অনেক ঘর জাইবে পডিয়া। চরেন্দা পরেন্দা কত তাহাতে মরিয়া * হয়রান হইবে লোক নাহিক আরাম। পেরেসানি হালে রবে খলক তামাম * ১৫ তারিখে জদি গহন লাগিবে। খেতিতে অনেক নাফা সকলে মিলিবে *

* মহরম মাসে চান্দে গহন লাগার হাল *

১৩ তেরুই তারিখে জদি গহন লাগিবে। তার খাছিএত এয়ছা মালুম করিবে* দুই সাহা বিচেখুব ফাছাদ হইবে। বহুত আল্লার বান্দা তাতে মারাজাবে * ঝগড়া ফাছাদ হবে ঘরে সবাকার। য়া জাবে বহুত লোক নাহিক সমার * ১৪ তারিখে জ

চাউল মটরআদি সব হইবেক। সস্তা দরেতেসবে কিনে খাইবেক ১৪। ১৫ তারিখে জোদি লাগে কদাচোন। বিমারিতে মরিবেক এয়ছা কতো জোন *

* ছফর মাসে চান্দে গহন লাগার হাল *

১৩ তেরুই ছফরে জদি গহন লাগিবে। জমিন কাঁপিয়া লোক মরিয়া জাইবে * বিমার পড়িবে আর হবে পেরেসান। হজরত নবির কাল সোন ভাই জান। ১৪ তারিখে জদি লাগে কদাচন। বিমারিতে মরিবেক এয়ছা কতজোন * ১৫ তারিখে জদি গহন লাগিবে। অনেক বরসিবে পানি একিন জানিবে * জাড়েতে পড়িবে জাড়া গরম গরমিতে। পেরেসান হবে লোক পড়ে মুছিবতে

* রবিওল মাসে চান্দে গহন লাগার লাল *

১৩ তারিখে জদি গহন লাগিবে। সেই সালে পানি খুব জানো বরসিবে * ধান চাউল গোম আদি হবে বহুতর। আরজানি খুব হবে জিনিসের পর * ১৪ চোদ্দই তারিখে জদি হগন লাগিবে অনেক মানুস তাতে মরিয়া জাইবে * বরছের আখেরেতে মকুক হইবে। কহেন হজরত আলি এয়ছাই জানিবে * ১৫ পোনেরো তারিখে জদি গহন লাগে ভাই। সোনা চান্দি বহুতর পয়দা হওা চাই * খলকের বিচে লোক হবে বেসোমার। ফরমালেন আপে নবি পাক ছরওার *

* রবিওল আখের মাসে গহন লাগার হাল *

১৩ তেরুই তারিখে জদি লাগিবে গহন। দোছরার হাতে দেস জাইবে তখন * বাদসা হইবে আর বড়া নেকনাম। খোসালিতে রহিবেক রাএত তামাম * চৌদা তারিখে জদি গহন লাগিবে। বিমারিতে পড়ে লোক অনেক মরিবে * বচ্ছরের শেস জবে পৌছিবে আসিয়া। বিমারি কেলেস সব জাইবে কাটিয়া *
১৫ তারিখে ভাই লাগিলে গহন। সেই সাল বড়া নেক জান সর্ব্ব জোন * থোড়া মেহনত বিচে ফরাগত হবে। আওকাত খুসিতে সবে আপনা কাটিবে *

* জামাদি আউওল মাসে চান্দে গহন লাগার হাল *

করিবে * খেত খোলা পরে ভাই পড়িবে আফত। বিমারিতে পোড়ে সারা পাবে আজিএত* ১৪ তারিখে জদি লাগিবে গহন ওবার বিমারি ভাই হইবে তখন * ১৫ তারিখে জদি লাগিবে গহন। বুরাইর হাল তার কহিব কেমন * আফত খলোক বিচে হইবে নাজেল। তুফানের বায়েছেতে হইবে কাহেল *

* জামাদিল আখেরে গহন লাগার হাল *

১৩ তারিখে জদি গহন লাগিবে। সেইসাল বিচে লোক অনেক মরিবে * আবাদ হইবে কম লোক পেরেসান। খোরাক বেগর জত হারাইবে জান * ১৪ তারিখেতে গহন জদি হয়। খলকের বিচে খুন নাহক জক্ষয় * তুফান হইবে বড়ো লোক পেরেসান। তঙ্গি ও গেরানি বিচে হইবে হয়রান*১৫ তারিখে জদি লাগিবে গহন। সেইসালে বড় হবে পানির তুফান * ধান চাল অতি কম হইবে সেইসালে। পেরেসান হবে বড়া সকলি যে দেলে *

* রজব মাহায় গহন লাগার হাল *

১৩ তারিখে জদি লাগিবে গহন। পানি বরসিবে জান হাজত মতন * খুসিহবে দেলবিচে জান সবাকার। এইত খবর জানো করিনু আসকার * ১৪ তারিখে গহন লাগিবেক জদি। আপো সেতে লোক জনে হইবেক বাদি * মারা মারি কাটা কাটি হবে বহুতর। তকলিফ হয়রানি হবে সবার উপর * ১৫ রোজেতে জদি ধরিবে গহন। আক্কেল মন্দ লোক জতো মরিবে তখোন * মানুসের পরে তঙ্গি আসিয়া পৌছিবে। দর্দ্দিছের তার পরে সবাকে ধরিবে * বরকত দুনিয়া হৈতে জাইবে উঠিয়া। মাঙ্গি পয়দা হবে বড় লেহনা সুনিয়া *

* সবেরাতের মাসে গহন লাগার হাল *

১৩ তারিখে জদি গহন লাগে ভাই। বিমারি তকলিফ হবে জানিবে সবাই * সেই সালে ভালা নাহি হইবে কাহার। ১৪ তারিখের হাল সোন ফের আর * ভুই কম্প হবে আর মাছ পয়দা হবে। তুফার হইবে আর আগুন লাগিবে * ধান চাউল মস্থুর আদি মদ্ধম দরেতে। কেনা বেচা হবে জান সেই বচ্ছরেতে

১৫ তারিখে গহন লাগিবে জখন। খাবার জিনিস সস্তা হইবে তখন * খোসালেতে রবে জত মখলুক তামাম। বড় মোবারক সাল সোন খাছ আম *

* রোমজান মাসে গহন লাগার হকিকত *

১৩ তারিখে জদি গহন লাগে ভাই। বিমারি জহমত আছে জানা তাতে চাই * ১৪ তারিখে জদি লাগিবে গহন। ভুই কম্প মাক্ষি পয়দা হইবে তখন * আগুন লাগিবে আর তুফান হইবে। জিনিসের দর ফের মদ্ধমে রহিবে * ১৫ রোজের হাল মালুম করিবে। আরজানি বহুত হবে সকলে জানিবে * আপসেতে লোক সবে খোসালে রহিবে। খাবার জিনিস ফের সস্তা হইবে *

* ইদের মাসে গহন লাগার হকিকত *

ইদের মাসেতে জদি লাগিবে গহন। সেইসাল বিচে জান হইবে এমন * বিমারি হইবে বড়া মানুসের পরে। পেরেসান রবে জানো তাহার খাতেরে * জেলকদ মাসেতে জদি লাগিবে গহন সেই সাল ভালো আছে সবার কারন * চান্দের হিসাব ভাই হইল তামাম। আমিন২ বলো জতেক এছলাম *

* সুরুজে গহন লাগিবার হিসাব *

মহরম মাসেতে জদি লাগিবে গহন। সেইতো বচ্ছর বিচে হবে বহুজন* বিমারিতে পেরেসান হইয়া জাইবে। জানের খওফনাহি তাহাতে হইবে * ছফরের মাসে জদি লাগিবে গহন। তকলি ফের সাতে লোক মরিবে তখন * রবিওল মাসেতে জদি গহন লাগিবে। সেই সাল বড়া নেক সকলে জানিবে* রবিওল আখের মাসে লাগিলে গহন। হায়জার বিমারে লোক মরিবে তখন * জামাদি আউওল মাসে গহন লাগিবে। সহরের কাজি পরে তা বাই পড়িবে* রজোব মাসেতে জদি গহন লাগিবে। সেইসালে দুই সাহা লড়াই করিবে * রাএত পেরেসান তাহাতে হইবে। আয়েস আরাম দেসেথেকে উঠেজাবে * আর সব বাতে ভাল হবে সবাকার। রোজগারে তঙ্গি নাহি হইবে কাহার * সাবান মাসেতে জদি লাগিবে গহন। বেহদ তকলিফ হবে জানো বিবা

হইবে কাহারে * রোমজান মাসেতে জদি লাগিবে গহন। রহি বে রোজগার বিচে আছুদা জেমন * ইদের মাসেতে জদি গহন লাগে ভাই। দুইবাদসার সাতে হইবে লড়াই * মারাজাবে তাতে লোক লড়াই করিয়া। রাইএত জাবে সব পেরেসান হৈয়া * জেল কাদ মাসেতে জদি লাগিবে গহন। সেইসালে হবে বড়া পানির তুফান * ধানচাল গোম আদি জতেক হইবে। পাখি সবে সেই গাল্লা বহুত খাইবে * জেলহেজ মাসেতে জদি লাগিবে গহন। সেইত সালের হাল হইবে এমন * জাহানের বড়া লোক মারা পড়িবেক। দেলের আরাম সব উঠে জাইবেক * বেকারার রহি বেক খলক তামাম। এইতক হৈল ইতি কেতাব কালাম *

* নকসে ছোলেমানি তালেনামা *

* সাত ছেতারা অর্থাৎ সপ্তাহি ফালনামা *

সোনভাই মোছলমান জতো দিনদার। মালুম করিতে হয় হাল আপনার * সাদি বেহা তেজারতি হাল হকিকত। আর জত কাম আছে এয়ছাইমত * আপনার আঁখ বন্দ করিয়া লইবে। কলেমা তৈয়ব ফের মুখেতে পড়িবে * তার পরে আঙ্গুল দিবে খানার ভিতর। ভরসা করিয়া খুব খোদার উপর * দেলের মকছেদ ফের হইবে হাছেল। বহুত উত্তম ফাল বড়ই কাবেল *

* সপ্তাহি ফাল এই *

* জোলহ ছেতারা সনিবারের ফাল *

জোহলের ঘরে জদি পড়িবে আঙ্গুল। তাবির এহার জান বহুত মাকুল * মকরর দেল তেরা আছে ঘাবরাইতে। এরাদা রাখোহ তুমি কোথাও জাইতে * আরকুন্ন দুস্মন আছেভাই তোর। জান কিবা নাহি জানো তাহার খবর * তুমি জাকে দোস্ত রাখো না গেনে তোমায়। দুস্মনি করিতে তেরা ফেরেত সদায় * জেইজন তেরা সাতে ওয়াদা করিবে। কভুনা করার পরে কাএম রহিবে থোড়া রোজপরে তেরা হইবে ভালাই।গাএবি দৌলতভুঝে দিবে পাকশাঁই * বিমার পড়িলে ভাই পাইবে আরাম। থোড়াদেরি সাতে পাবে চাকরির কাম * কারুসাতে তেরা জদি লড়াই হয়। মেলাপ হইয়া জাবে কেতাবেতে কয় * আল্লা তালা বেটা দিবে বড়া হোস মন্দ। হইবে সেলাড়কা তেরা বড়া দেলবন্দ*সনিবারে তেলমাস দিবে খয়রাত। ফকিরের তরে ভাই জানহ নেহাত *

* মোস্তরি ছেতারা জোমেরাতের দিনের ফাল *

মোস্তরি খানায় জদি আঙ্গুল পড়িবে। হকিকত তার ফের মা-লুম করিবে* জেন্দেগি কাটাবে তুমি খুসি খোসালেতে।ফেকের আন্দেসা নাহি রহিবে দেলেতে * বেগাড় কাহার সাতে জদি তেরা রবে। খোদার ফজলে মিল তার সাতে হবে * ফরাগত হৈবে তেরা ফজলে খোদার।নেকবক্ত বেটাদিবে তোকে পরওয়ার চুরিজদি মাল তেরা কভু হৈয়া জায়। ধরাজাবে মাল আর চোর ধরাজায়* ছওয়ারি উপরে তুমি ফিরিবে সদাই।ঝগড়া হৈলেকারু সাতে হইবে ছাফাই * জোমে রাতে খয়রাত দিবে ফকিরেরে। ছোলার দাল আর পয়সা জানো বেরাদরে *

* মিররিখ ছেতারা মঙ্গল বারের ফাল *

মিররিখ তারার ঘরে আঙ্গুল পড়িলে। দুস্মন হইবে কেহ বুঝি বেক দেলে* জেইকাম পরে তেরা হইবে খাহেস। নাহইবে সেই কাম জানহো বিসেস * হামেসা রহিবে দেল তেরা পেরেসান। ফেকেরেতে ঘুমনাহি হবে ভাইজান* দিনরাত দেলবিচে রহিবে অন্দেসা। ভাবিয়া চিন্তিয়া কিছু না পাইবে দিসা * থোড়া দিন

বেমারি আজারি তেরা সব দুরে জাবে। জানের বিচেতে দর্দ্দ কিছুনা রহিবে * মঙ্গল বারেতে দাল গোস্ত লইয়া। ফকিরের তরে দিবে খয়রাত করিয়া *

* সমছ্ ছেতারা রবিবারের ফাল *

সমছ্ ছেতারা ঘরে পড়িলে আঙ্গুল। তাহার তাবির এই জানহ মাকুম * দেলেতে এরাদা জেই আছেত তোমার। হাছেল হইবে কাম ফজলে খোদার * কাহারু উপরে দেল রুজু তেরা হয়। আর জদি মাসুক তেরা দেলে গোস্বারয় * মাএল হইয়া জাবে উপরে তোমার। আসিবেক তেরা কাছে খুসির আখবার* জেই কামভাই তেরা গেছে বিগড়িয়া। আল্লার ফজলে সেই জাইবেক হৈয়া * তঙ্গদস্তি দুরে জাবে হবে ফারাগত। সাফা পাবে দুরে জাবে বিমারি জহমত * আল্লা তালা দিবে তেরা ঘরেতে আও লাদ। হামেসা হইবে তাতে দেল তেরা সাদ * রবি বারে দিবে থোড়া ফকিরে খয়রাত। গোস আর দুদ দিবে জানহো নেহাত

* জোহরা ছেতারা জুম্মার ফাল *

জোহরা ছেতারা জদি আসিবেক ফালে। এহার তাবির এই জানহ সকলে * ছফরেতে জেই জোন গেছে কোন কামে। বহুত নজদিগ কোরে আসিবে মোকামে* ঘোড়া চড়িবার জদি করিবে এরাদা। পুরা কোরে দিবে তেরা মকছেদ খোদা * দেলের আন্দেসা গম হইবে তফাত। খুসির খবর কেহু কবে তেরা সাত * কোন কামে নোকছান হয় তেরা মাল। অন্য কামে খুব লাভ দিবে জোলজালাল * বিমারি ছুবে কিছু দুখ আছে তেরা। বিমারি আরাম হবে না রহিবে জাররা * কুন্নু খাজে ছারা কিম্বা আওরত হৈতে। আল্লা তালা মালদিবে তার অছিলাতে * তেজারতি কামে জদি জাবে দুর দেস। বহুত মনফা পাবে জানিবে বিসেস জুম্মার দিনেতে কাম তোরে করাচাই। সোনা আর ঘিউ ফকিরেকে দিতে চাই *

* অতারদ ছেতারা বুদ বারের ফাল *

অতারদ খানায় জদি আঙ্গুল পড়িবে। তাহার তাবির এই মালুম করিবে * জেকাম করিতে আছে এরাদা তোমার। বড়া

মায়েল। সেইভি তোমার এস্কে আছেত ঘাএল* আর জদি গে-
রেপ্তার আছ বিমারিতে। কিছু নাহি ডর আছে জানহ দেলেতে
থোড়াদিন ভারি আছে উপরে তোমার। তকলিফ আছান হবে
ফজলে খোদার * কোন আমিরের সাতে হইবে মহর্ব্বত। বহুত
করিবে তেরা সেইত এর্জ্জত * বুদবারে মুঙ্গ আর রঙ্গিন কাপড়।
খয়রাত করিতে হবে কেতাবে খবর *

* কমর ছেতারা সোম্বারের ফাল *

কমর ছেতারা ঘরে আঙ্গুল পড়িবে। আএস আরাম বড়া তারে
আল্লা দিবে * তেজারতে মোছাফেরি করিবে সদায়। দেলের
মকছেদ তেরা পুরাবে খোদায় * নছিব বিচেতে আছে আমিরি
তাহার। উজির হইয়া জাবে ফজলে খোদার* দুস্মন হইবে জের
গম দুরে জাবে। চান্দি বানাইতে কেহ ফকির সেখাবে * খোস
কির ছফরে গেলে পাইবেক লাব। কিস্তিপরে গেলে মাল হইবে
খারাব* আল্লাতালা বেটা দিবে ঘরেতে তাহার। নেকবক্ত সেই
হবে ফজলে খোদার * সোম্বারে কৌড়ি আর চাউল মাঙ্গাইয়া।
ফকিরের তরে দিবে খয়রাত করিয়া *

* বিমার পড়িলে কিম্বা আছেব হইলে *
* তাবিজ লিখিয়া দিলে ফায়দা হইবে *

বিমার হইলে লাজেম আছে ভালো কবিরাজ দেখাইতে; কারন
বিমার চিনিতে পারে। আর সেই মত দাওাই দিতেপারে। নতুন
কবিরাজ কি করিয়া বিমারি চিনিবে : আর দাওাই দিবেক *
তাহাতে রুগির বহুত কেলেসহয় সেইমত দোওা ওতাবিজ লিখি
বার হাল। জাহাকে এলেম কালাম নাই আর পাকি নাপাকির
খেয়াল নাই ঝুট কথা কহিতে পরহেজ নাই সেই জোন তাবিজ
লিখিবার দাবি করে তাহার মতন নাদান কেহ নাই। তাবিজ
লিখিতে অনেক সরত আছে* পহেলা পরহেজ গার হইবে ঝুট
কহিতে নফরতকরে নামাজি হয় ছাহেব এছরারহয় কম ছোখান
মিঠা জোবান হয় বোজরগ ছেনহয় লালচ দেলে নারাখে এই
সব সরত জাহাতে পাওাজায় তাহার তাবিজ লেখা আলবত্তা

করিয়া লিখিবে। আগে অজু করিবেক পরে কিছু দোওা কালাম পড়িবে আর খোদার কাছে আরাম হইবারজন্নে দোওা মাঙ্গিয়া লিবে পরে তাবিজ লিখিবে*

* হাওল দেল বিমারির তাবিজ *

এই তাবিজ দু কাগজে লিখে হেফাজতে। এক তাবিজ বেন্দে দিবে মরিজের গলেতে* দোছরা তাবিজ লিয়া পানিতে ঘুলিয়া ঐ পানি বিমারিকে দিবে পেলাইয়া * খোদা চাহে সেতাবি সে পাইবে আরাম। হাওল দেল না রহিবে সোনহে এছলাম *

لاحول	ولاقوة	الاباالله	العلى العظيم
العلى العظيم	الاباالله	ولاقوة	لاحول
ولاقوة	لاحول	العلى العظيم	الاباالله
الاباالله	العلى العظيم	لاحول	ولاقوة

* এঞ্জাল দেরিতে হইবার তাজিব *

এঞ্জাল দেরিতে হওা মঞ্জুর জাহার। এ তাবিজ লিখে বান্দে পোস্তেতে তাহার* জখন মতলব হবে ফারেগ হইতে। এতাবিজ খুলে ফের বান্দিবে পেটেতে * তখনি এঞ্জাল হয়ে জাইবে তাহার। নকসে ছোলে মানি বিচে এই সমাচার *

بحق ياالله ياالله ياالله
ياعظيم ياعظيم ياعظيم
ياغفور ياغفور ياغفور

* এঞ্জাল দেরিতে হওয়ার দোছরা তাবিজ *

হেফাজত কোরে এই তাবিজ লিখিয়া। আপনা দাঁতের নিচে রাখিবে দাবিয়া * জতক্ষন জেমার হালে রহিবে দুজন। নাহবে এঞ্জাল মর্দ্দের সোন দিয়া মন * ফারেগ হইবে জবে দেল তার চায়। দাঁতেরনিচে হৈতে তাবিজ ডালিবে তরায়*জখন তাবিজ তার পড়িবে জমিতে ।এঞ্জাল হইয়া জাবে লেখে কেতাবেতে*

طسها	طسها	طسها
طسها	طسها	طسها
طسها	طسها	طسها

*আওরতের পেস্তান সক্ত হইবার দাওা *

বড় হাব্বৗ এক পাও ওজন কোরে লিবে। আনারের ছাল তার সঙ্গে এক পাও দিবে * আদসের পানি দিয়া মাটির হাঁড়িতে। এই দুই দাওা ডেলে আঁছ দেও তাতে* আদা পাও পানি বাকি রহিবে জখন। ওতারিয়া লিবে হাঁড়ি স্থুন দিয়া মন * ঐ পানি বিচে এক কাপড় ডালিয়া । ভিগাইয়া ছাতি পরে বান্দিবে কসিয়া * এই মতো সাত দিন করো এস্তেমাল। দুই ছাতি হবে তার পার্থর মেছাল *

জেই জনে বোখার জাড়া দিয়া আসে আর দাওাইতে আরাম না হয় এই তাবিজ লিখিয়া কালো স্থতায় বান্দিয়া গলায় দিবে খোদার ফজলে বোখার ছুটিয়া জাইবে * ১নং

নং১

ياحافظ	ياحافظ	ياحافظ	ياحافظ
ياحافظ	ياحافظ	ياحافظ	ياحافظ
ياحافظ	ياحافظ	ياحافظ	ياحافظ
ياحافظ	ياحافظ	ياحافظ	ياحافظ

২নং

০৫৪৩	১০৫৩৮	১০৫৪৫
০৫৪৪	১০৫৪১	১০৫৪১
০৫৩৯	১০৫৬৪	১০৫৪১

২ নং * এই নক্স তাবিজ আএতল কুরছির *

জে জোন বিমার হইবে এই তাবিজ লিখিয়া গলায় বান্দিলে খোদার ফজলে আরাম হইবে।আর কেহজদি হামেসা কাছেতে রাখিবে হরেক আফত বালা হৈতে বাঁচিয়া থাকিবে *

এই তাবিজ চান্দির তখতির পরে খোদাইয়া হাতে রাখিবে দুস্মন তাহার সাতে দোস্তি করিবে। আর জদি কুনো আমিরের নিকট জাইবে সেহবি মেহেরবান হইবে * ৩ নং

৩নং

ج	ا	ع	س	ق
ا	ق	ح	ا	ح
ا	ع	س	ق	ح
ا	س	ق	ع	ا

৪নং

ط	ى	ف	ح
ح	ف	ى	ط
ى	ط	ح	ف
ف	ح	ط	ى

৪নং যে জোন এইতাবিজ চান্দির পাথর পরে মহররমের চান্দে খোদাইয়া লাড়কার গলায় বান্দিলে লাড়কা কান্দিবেনা চুপ হইয়া রহিবে।আর আফত বালাই হৈতে আরামে থাকিবে

৫ নং আর জাহাকে বোখার ছাড়েনা দাওাই করিলেও কিছু হয়না। তাহাকে লাজেম যে এই তাবিজ সেঙ্গরেফ দিয়া লেখাইয়া আগে ফকিরকে কিছু খয়রাত দিয়া তার পরে মরিজের গলায় বান্দিবে আল্লার ফজলে আরাম পাইবে *

৫নং

یاکبیج	یاکبیج	یاکبیج
یاکبیج	یاکبیج	یاکبیج

৬নং

ای خون بہ کناہ ... دری
کر دخیر مار ا بحر ب بہ

* নাকে খুন জাইবার তাবিজ *

৬ নং তাবিজ জাহার নাসিকা হৈতে খুন জারি হয়। আর বন্দ নাহয় তবে ঐ খুন হৈতে মরিজের পেসানি উপর এই তাবিজ লিখিলে খোদার ফজলে আরাম হইবে *

জাহার গায়ে গুটি বাহির হয় এইতাবিজ জাফরান দিয়া লেখাইয়া গলায় বান্দিবে খোদার ফজলে আরাম পাইবে * ৭নং

৭নং

১৫	২৮	২৫	২২
২৬	২১	১৬	২৭
২০	২৩	৩০	১৭
২৯	১৮	১৯	২৪

৮	১	৬
৩	৫	৭
৪	৯	২

নং৮

৮নং কোন লাড়কা হামেসা দিনরাত কান্দিতে থাকে চুপ নাহয় লাজেম যে পহেলা অজু করিয়া ছুরাকাত নামাজ পাড়িবে আর কেবলা রোখ বসিয়া এই তাবিজকে লিখিয়া লাড়কার গলায় বান্দিবে খোদার ফজলে কান্দনা মৌকুফ হইবে * আর জাহাকে কাঁপনিরসাতে বোখার আসে এইতাবিজ গলায় কিম্বা বাজুতে বান্দিলে আরাম হইবে *

জাহার মাথায় দরদ হয় এই তাবিজ লিখিয়া মাথায় বান্দিলে আরাম হইবে * ৯নং

৯নং

২৭	৩০	২৯	২৬
৩২	৩১	৩২	৩৭
২২	৩৫	৩৪	৩১
২৯	২৪	২৯	৪০

১০ নং

৩৮৯	৩৮৪	৩৮১১
৩৮০	৩৮৮	৩৮৬
৩৮০৫	৩৮২২	৩৮৮

১০ নম্বর জাহার গরদানে দরদ থাকে এইতাবিজ লিখিয়া বান্দিলে আরাম হৈবে *

* মহব্বতের তাবিজ * কুনো আওরতের পরে কুনো নওজওান। আসক হইয়া যে হারাইল জ্ঞান * সেইতো আওরত নাহি করেজে খেয়াল। তাহাতে আসক মর্দ্দ হইল বেহাল * তবেত লাজেম তায় করে এই কাম। জেইমত লেখা আছে কেতাবে তামাম * পহেলা তারিখ হৈতে তেরই লাগাত। চান্দের হিসাবে ভাই জানহ নেহাত * সোমবার দিনে কিম্বা জান লক্ষিবারে। পহেলা লইবে ভাই গোছল যে করে * ছেলেদের তরে কিছু দিবেক মেঠাই। মাসুকের ছুরত খুব খেয়াল করা চাই * ক্রুসাতে বাতেনিতে নাক্সিক করিবে। সেজ্জরেক হৈতে এই তা-

বিজ লিখিবে * সামের ওক্তেতে ঐ তাবিজের তরে। বাতি মত লেপটিবে হাতের উপরে * নতুন চেরাগ এক লিবে মাঙ্গাইয়া। উত্তম তিলের তেল চেরাগেতে দিয়া * কুন্নু এক উচাটুল পরেতে আনিবে। তাহার উপরে ফের চেরাগ রাখিবে * তেল দিয়া ঐ বাতি রাখ ভিগাইয়া। সাম গুজরিয়া গেলে দিবে জালাইয়া * মাস্তুকের ঘর আছে জেই তরফেতে। চেরাগের মুখরাখ সেইতর ফেতে * এইরূপে সাত রোজ হবে জালাইতে। মকছেদ পুরিবেক খোদার ফজলেতে * মাস্তুক আসক তেরা হইবেক ভাই। মজর রব তাবিজ এই জানহ সবাই *

১১নং

১৪	১	৮	১১
৭	১২	১৩	২
৯	৬	৩	১৬
৪	৫	১০	১৫

১১ নং

١١	٨	١	١٤
٢	١٣	١٢	٧
١٦	٣	٦	٩
١٥	١٠	٥	٤

জেই জনের পরে কেহজাদু করিয়া থাকে কিম্বা আছেব হইয়া থাকে এই তাবিজ লিখিয়া কালো সুতায় বান্দিয়া গলায় দিবে খোদার ফজলে আছেব ছুটিয়া জাইবে *

১২নং

৫৫৩৫	৫৫৮৪	৫৫৪৫	৫৫৪২
৫৫৪৬	৫৫৪১	৫৫৩৬	৫৫৪৭
৫৫৪০	৫৫৪৩	৫৫৫০	৫৫৪৪
৫৫৪৯	৫৫৩৮	৫৫৩৯	৫৫৪৪

নং ১২

٨	٣٧٤٦	٤٦٧٨	١
٤٦٧٧	٢	٧	٤٦٧٥
٣	١٤٦٧	٤١٧٢	٦
٤٦٧٥	٤	٥	٤١٩٧

আর এই তাবিজ ছুরা কুলহু আল্লার * জেই জোন রোজগার

তক ২৩২ খান রোজ লিখিবে আর আটার গুলি বানাইয়া ফিং
গুলিতে এক এক তাবিজ ভরিয়া গোল করিয়া দরিয়াতে আপন
নিয়ত ঠিক করিয়া ডালিবে খোদার ফজলে রোজগার খুব হৈবে
আর জদি কোন লোক সক্ত বিমার হয় দাওা করিলে আরাম
নাহি পায়ঃ কিম্বা কোন বেক্তি হাছদ রূপে জাদু করিয়া কোন
চিজ খেলাইয়া থাকে এই তাবিজ সাদা কাগজে কিম্বা সাদা
চিনির তস্তরিতে লিখিয়া রোজ রোজ পেলাইবে খোদার ফজলে
বিমারি ও জাদু দুর হৈয়া জাইবে * ১৩ নং

আর জদি কাহাকে হায়জা হৈয়া থাকে এই তাবিজ লিখিবে
আর বিমার বেক্তির নাম তাবিজের নিচেতে লিখিয়া গলায়
বান্দিয়া দিবে খোদার ফজলে আরাম হৈবে আর মুছিবত হৈতে
আমানে রহিবেক *

ياحفيظ	ياحفيظ	ياحفيظ
يالطيف	ياحفيظ	يالطيف
ياحفيظ	ياحفيظ	ياحقيظ

احمد	محمد
مرتضى	مصطفى

জাহার চক্ষু হামেসা দরদ করে আর কুনো রূপে আরাম নাহি
হয় এই তাবিজ জাফরান হৈতে লেখাইয়া চোখের উপর পটির
মতন করিয়া বান্দিবে খোদার ফজলে আরাম পাইবে * ১৫নং

* কেতাব তামাম সোদ *

কহে হিন আপ্তাবদ্দিন ভাবিয়া গর্ফার।আমার আরজ লেহ জত
দিনদার* জকিনামা কেতাব এই আগে দুইবার। ছাপিয়া ছিনুন
আমি ফজলে খোদার * কোন২ লোগ তাতে করে আদওত।
আমার কেতাব হৈতে কতো এবারত * চুনিয়া লইয়া আর নাম
বদলিয়া। সাএর করানু বলে দিল ছাপাইয়া*আগেতে ছাপিতে
মোরে করিল বারন। চোরাও করিয়া ফের ছাপে সেইজন * পুন
র্বার কেতাব খানি সায়ের করাই।ভাল২কথা সবদিয়া এতেভাই
ফায়দা পাইবার তরে দিনু ছাপাইয়া। সওাকিন সকলে ভাই

হৈলে অধিনের দোওা সবে দিবে * বার২ আট বার হাসি ল-
কেতাবে। আমার ছালাম পৌছে সবার জনাবে *

* সুচি পত্র *

تمام شد

হরি হারের মামা

বাংলা একাডেমী ঢাকা